কাজকেরিয়ারের খবর দ্রুত পেতে 9051147904 নম্বরে 'Hi' দিয়ে Whatsapp গ্রুপে Add হন।

লেটেস্ট আপডেট পেতে আমাদের ফেসবুক পেজ লাইক ও ফলো করুন
www.fb.com/kaajcareer

পেশা ও কর্মজগতের নতুন দিগন্ত

# কাজকেরিয়ার

KAAJ CAREER

Weekly Employment Newspaper

সার্বিক চাকরির খবরের লেটেস্ট আপডেট পেতে ও ই-পেপার ডাউনলোড করতে Join করুন Kaajcareer Telegram Channel

Subscribe Youtube
https://youtube.com/@kaajcareer1916

Visit https://kaajcareer.in

Vol - 20 • Issue No. 14 • 8 April, 2026, Wednesday | RNI No. WBBEN/2006/18125 | Bengali: 24 Chaitra, 1432 • Price Rs. 5.00/-


কোল ইন্ডিয়া লিমিটেডের অধীনস্থ নর্দান কোলফিল্ডস লিমিটেডে

## ৫৭৭ নার্স, টেকনিশিয়ান, অপারেটর, ফার্মাসিস্ট পদে

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** বিভিন্ন অপারেটর (ট্রেনি), স্টাফ নার্স (ট্রেনি), ফার্মাসিস্ট (ট্রেনি), টেকনিশিয়ান (ট্রেনি) সহ আরও অন্যান্য পদে ৫৭৭ জনকে নিচ্ছে, কোল ইন্ডিয়া লিমিটেডের সহায়ক প্রতিষ্ঠান, নর্দার্ন কোলফিল্ডস লিমিটেডে। নিয়োগ হবে মধ্যপ্রদেশের সিংরৌলি জেলা এবং উত্তরপ্রদেশের সোনভদ্রা জেলার নর্দার্ন কোলফিল্ডস লিমিটেডে-এর খনি, প্রতিষ্ঠান, হাসপাতাল এবং ডিসপেনসারিতে, নীচে বলা পদগুলিতে।

ডাম্পার অপারেটর (ট্রেইনি): শূন্যপদ ৩০৮টি (অসং ১২৩, তঃজাঃ ৬০, তঃউঃজাঃ ১৯, ওবিসি (এনসিএল) ৮০, ইডব্লিউএস ৩০ এবং এসবের মধ্যে থেকে প্রাঃসঃকঃ ৬০)। গ্রেডার অপারেটর (ট্রেইনি): শূন্যপদ ৩৪টি (অসং ১৬, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ১, ওবিসি (এনসিএল) ৮, ইডব্লিউএস ৩ এবং এসবের মধ্যে থেকে প্রাঃসঃকঃ ৬)। ডজার অপারেটর (ট্রেইনি): শূন্যপদ ৫২টি (অসং ২২, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ২, ওবিসি (এনসিএল) ১৩, ইডব্লিউএস ৫ এবং এসবের মধ্যে থেকে প্রাঃসঃকঃ ১০)।

........ *এরপর ২ পাতায়*

সিকিউরিটি প্রিন্টিং অ্যান্ড মিন্টিং কর্পোরেশনে

## ৫৩৪ সুপারভাইজর, সেফটি অফিসার

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** ওয়েলফেয়ার অফিসার, সেফটি অফিসার, সুপারভাইজর সহ বিভিন্ন পদে ৫৩৪ জনকে নিচ্ছে নাসিকের কারেন্সি নোট প্রেসে। এটি ভারত সরকারের সিকিউরিটি প্রিন্টিং অ্যান্ড মিন্টিং কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেডের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ হবে নাসিকের কারেন্সি নোট প্রেস (সিএনপিএল), ইন্ডিয়া সিকিউরিটি প্রেস (আইএসপিএন), মধ্যপ্রদেশের ব্যাঙ্ক নোট প্রেস (বিএনপিডি), তেলেঙ্গানার সিকিউরিটি প্রিন্টিং প্রেস (এসপিপিএইচ)।

ওয়েলফেয়ার অফিসার: শূন্যপদ ২টি। এরমধ্যে মধ্যপ্রদেশের ব্যাঙ্ক নোট প্রেসে: শূন্যপদ ১টি (অসং)। নাসিকের কারেন্সি নোট প্রেসে:

........ *এরপর ৩ পাতায়*

২০২৪, ২০২৫ ও ২০২৬ সালের গেট পাশদের থেকে

## ২৪৩ বৈজ্ঞানিক নিচ্ছে জাতীয় তথ্য কেন্দ্রে

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** সায়েন্টিস্ট-বি পদে ২৪৩ জনকে নিচ্ছে ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টারে। এটি ভারত সরকারের মিনিস্ট্রি অফ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজির অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ হবে কম্পিউটার সায়েন্স অ্যান্ড আইটি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন এবং ডেটা সায়েন্স অ্যান্ড আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ডিসিপ্লিনে। এছাড়া প্রার্থীকে ২০২৪/ ২০২৫ ও ২০২৬ সালে গেট পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে পাশ করে থাকতে হবে। কাজ করতে হবে দেশের যে কোনও প্রান্তে। যে কোনও ভারতীয় নাগরিক নীচের মতো যোগ্যতা থাকলে আবেদন করতে পারেন।

কম্পিউটার সায়েন্স অ্যান্ড

........ *এরপর ৪ পাতায়*

জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-১ ও ২ পদে

## ইন্ডিয়ান ব্যাঙ্কে ৩৫০ স্পেশ্যালিস্ট অফিসার

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** স্পেশ্যালিস্ট অফিসার পদে ৩৫০ জনকে নিচ্ছে ইন্ডিয়ান ব্যাঙ্কে। (কাজ করতে হবে সারা দেশে ছড়িয়ে থাকা ব্যাঙ্কের বিভিন্ন শাখা/ অফিসে।) নীচের মতো যোগ্যতার ভারতীয়রা আবেদন করতে পারেন। নীচে বলা শূন্যপদ কমতে বা বাড়তে পারে এবং সংরক্ষণেরও পরিবর্তন হতে পারে। সংরক্ষণ থাকবে ভারত সরকারের নিয়ম অনুযায়ী। স্কেল-II এবং স্কেল-III পদের নির্বাচিতদের প্রথম ১ বছরের প্রবেশন শুরু হবে কাজে যোগদানের দিন থেকে। ব্যাঙ্কের প্রয়োজন অনুযায়ী নিয়োগ হবে এবং পরে দেরে যে কোনও অংশে বদলি হতে পারেন।

স্পেশ্যালিস্ট অফিসার: মোট শূন্যপদ ৩৫০টি। এরমধ্যে- ম্যানেজার

........ *এরপর ৪ পাতায়*

জাতীয় সড়ক উন্নয়নে

## ৩৭ ইয়ং প্রফেশনাল

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** ইয়ং প্রফেশনাল হিসেবে ৩৭ জনকে নিচ্ছে ন্যাশনাল হাইওয়ে অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেডে। এটি ভারত সরকারের মিনিস্ট্রি অফ রোড ট্রান্সপোর্ট অ্যান্ড হাইওয়ের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ হবে কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট, টেকনিক্যাল, হিউম্যান রিসোর্স সহ বিভিন্ন বিষয়ে। যে কোনও ভারতীয়

........ *এরপর ৫ পাতায়*

রেলওয়ে সংস্থায়

## ২৩ ম্যানেজার, অ্যাসিস্ট্যান্ট

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার এবং অ্যাসিস্ট্যান্টটের পদে ২৩ জনকে নিচ্ছে ইন্ডিয়ান রেলওয়ে ফিনান্স কর্পোরেশন লিমিটেডে (আইআরএফসি)। নীচের মতো যোগ্যতার ভারতীয়রা আবেদন করতে পারেন। কোম্পানির পদোন্নতি নীতি অনুযায়ী উচ্চতর গ্রেডে পদোন্নতির সুযোগ আছে।

অ্যাসিস্ট্যান্ট (NE5 লেভেল) (পোস্ট কোড ০১): শূন্যপদ ১৬টি

.... *এরপর ৬ পাতায়*

ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে

## পোস্ট বেসিক নার্সিং কোর্সে ভর্তি নিচ্ছে

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** শুধুমাত্র পশ্চিমবঙ্গে, ২০২৬-২৭ অ্যাকাডেমিক সেশনে পোস্ট বেসিক নার্সিং কোর্সে ভর্তির জন্য, রাজ্য-স্তরের প্রবেশিকা পরীক্ষা (JEPBN 2026) অনুষ্ঠিত হবে। তারিখ: ০৭ জুন, ২০২৬ (রবিবার), সময়: সকাল ১১টা থেকে বেলা সাড়ে ১২টা। পরীক্ষা পরিচালনা করবে ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন্স বোর্ড (WBJEEB)। একটি সেশনে পরীক্ষা হবে। ওএমআর-বেসড কমন এন্ট্রান্স টেস্ট (JEPBN 2026) -এ সফলরা পশ্চিমবঙ্গের বিভিন্ন কলেজ এবং ইনস্টিটিউটে পোস্ট বেসিক নার্সিং কোর্সের আসনে ভর্তি হতে পারবেন। পরবর্তীতে, সফলদের ভর্তি প্রক্রিয়াটি সম্পন্ন হবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর এবং পশ্চিমবঙ্গ স্বাস্থ্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী সেন্ট্রালাইজড কাউন্সেলিংয়ের

.... এরপর ৭ পাতায়

ইঞ্জিনিয়ারিং, টেকনোলজির গ্র্যাজুয়েট পাশদের থেকে

## ৭৮ ম্যানেজমেন্ট ট্রেনি ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়ায়

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** ম্যানেজমেন্ট ট্রেনি পদে ৭৮ জনকে নিচ্ছে ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়া লিমিটেডে। এটি ভারত সরকারের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ হবে কনস্ট্রাকশন/ কনস্ট্রাকশন ছাড়া অন্যান্য ডিসিপ্লিনে। প্রার্থীকে ২০২৬ সালের গেট পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে পাশ করে থাকতে হবে। যে কোনও ভারতীয় নাগরিক নীচের মতো যোগ্যতা থাকলে আবেদন করতে পারেন।

ম্যানেজমেন্ট ট্রেনি-কনস্ট্রাকশন: মোট শূন্যপদ ১৫টি। এরমধ্যে থেকে মেকানিক্যালে ৫টি, সিভিলে ৮টি, ইলেক্ট্রিক্যালে ২টি। ম্যানেজমেন্ট ট্রেনি- কনস্ট্রাকশন ছাড়া: মোট শূন্যপদ ৪৪টি। এরমধ্যে থেকে কেমিক্যালে ৭টি, মেকানিক্যালে ১৯টি, সিভিলে ১৩টি, ইলেক্ট্রিক্যালে ৫টি।

অন্তত ৬৫ শতাংশ নম্বর সহ

.... *এরপর ৭ পাতায়*

# সম্পাদকীয়
বর্ষ ২০ • সংখ্যা ১৪

ইং-৮ এপ্রিল, ২০২৬ ● বাং- ২৪ চৈত্র, ১৪৩২

## মস্তিষ্কে প্রশান্তি

বিজ্ঞান বলছে, যখন আপনি মাটিতে বসেন তখন আপনার মস্তিষ্ক একধরনের প্রশান্তি অনুভূত হয়। বিশেষ ভঙ্গিতে বসলে পাকস্থলী কিছুটা চাপে থাকে, যা সরাসরি ব্রেনে সংকেত পাঠায়। চেয়ারে বসে খেলে অনেক সময় প্রয়োজনের চেয়ে বেশি খেয়ে ফেলি। পাকস্থলী তখন পুরোপুরি উন্মুক্ত থাকে। মাটিতে বসে খাওয়ার সময় মুখে খাবার তোলার সময় সামনে ঝুঁকলে ফের সোজা হলে যে নড়াচড়া করে শরীর সেই নড়াচড়া হজমকারী এনজাইমগুলোকে দ্রুত নিঃসরণ করতে বাধ্য করে। এক্ষেত্রে খাবার শুধু হজম হয় না ,খাবারের প্রতিটি পুষ্টিগুণ শরীর চুষে নিতে পারে। মাটিতে বসে খাওয়ার সুবিধা হলো- এটি আপনাকে সচেতন করে তুলতে সহায়তা করে। অন্যদিকে চেয়ারে বসে মোবাইল বা টিভি দেখে খাওয়ার সময় হজম প্রক্রিয়াকে ব্যাহত করে। নীচে বসে সরাসরি খাবারের সাথে যুক্ত হলে প্রতিটি গ্রাস চিবিয়ে খাওয়ার চেষ্টা হয়। হজম তখনই ভালো হবে যখন খাবার সচেতনতার সাথে ভালো করে চিবিয়ে খাবেন। এই চিবিয়ে খাওয়ার ফলে অর্ধেক হজম মুখেই হয়ে যায়। এক্ষেত্রে পাকস্থলীর কাজের চাপ অনেক কমে যায়। মাটিতে বসে খাওয়া হার্টের স্বাস্থ্যের জন্যও খুব উপকারী। শরীরের রক্ত সঞ্চালন পা থেকে সরাসরি বুক ও পেটের দিকে ফিরে আসে। এতে হৃদপিন্ডকে রক্ত পাম্প করার জন্য অতিরিক্ত পরিশ্রম করতে হয় না। দীর্ঘ সময় চেয়ারে বসে থাকলে রক্ত পায়ের দিকে জমে থাকে, যা রক্ত সঞ্চালনে সমস্যার কারণ হয়ে দাঁড়ায়। শারীরিক স্বাস্থ্য ছাড়াও মানসিক শান্তি বজায় রাখে। আয়ুর্বেদিক চিকিৎসরা বলে থাকেন মাটিতে বসে খাওয়ার গুণের কথা।

### কাজকেরিয়ার
### বিশেষ বিজ্ঞপ্তি

কাজকেরিয়ার বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনও সংস্থার বিজ্ঞাপন বা নিয়োগ বিজ্ঞপ্তি, আইনি সমস্যা সৃষ্টি করলে বা সেটির কারণে কারও আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে তার যাবতীয় দায়-দায়িত্ব বর্তাবে ওই বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরেই। এছাড়া কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে আবেদন বা সাক্ষাৎকারের সময় টাকা চাওয়া হলে সাবধানতা অবলম্বন করা একান্ত প্রয়োজ্য এবং তা প্রদান করা সম্পূর্ণ যুক্তিসঙ্গত কিনা তাও খতিয়ে দেখে নেবেন। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে কাজকেরিয়ার বা এফেক্ট পাবলিকেশন তারজন্য কোনওভাবেই দায়ী থাকবে না। — *সম্পাদক*

### — চিঠিপত্র বিভাগ —

চাকরি, ব্যবসা, বাণিজ্য, পড়াশুনা-কোর্স ও পরীক্ষা সংক্রান্ত যে কোনও বিষয়ে জানতে আগ্রহী হলে আমাদের এই বিভাগে চিঠি লিখে জানতে পারেন। আমরা যথাসময়ে আপনার নাম-ঠিকানা উল্লেখে সেই চিঠির উত্তর দেব।

**ঠিকানা ঃ বিডি-৭২, সেক্টর-১, সল্টলেক সিটি, কলকাতা, পশ্চিমবঙ্গ -৭০০ ০৬৪**

### কাজকেরিয়ার
### সম্পাদকীয় ও বিভাগীয় দপ্তর

**এফেক্ট পাবলিকেশন্স,**
বিডি-৭২, সেক্টর-১, সল্টলেক সিটি, কলকাতা-৭০০ ০৬৪
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০
ফোনঃ (০৩৩) ২৩৩৪-৩৫৭৫

### বিজ্ঞাপনের অন্যান্য যোগাযোগ কেন্দ্র

১১৭ অরবিন্দ সরণী, গ্রাউন্ড ফ্লোর, কলকাতা-৭০০ ০০৬।
বিডি-৭২, সেক্টর-১, সল্টলেক, কলকাতা-৭০০০৬৪
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০

### দিল্লি অফিস

মিষ্ঠি সদন, বি-৩৫২/১, গলি নং-৯৩, সন্ত নগর, বুরারি, অ্যাপেক্স স্কুলের সন্নিকটে, নিউ দিল্লি-১১০০৮৪

—সম্পাদক—

**প্রবীর মুখোপাধ্যায়**
প্রযত্নে ঃ কাজকেরিয়ার
ফোন ঃ (০৩৩) ২৩৩৪-৩৫৭৫
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০

Email: editorkaajcareer@gmail.com
Website: www.kaajcareer.in

## ৫৭৭ নার্স, টেকনিশিয়ান

*১ পাতার পর ..........*

ক্রেন অপারেটর (ট্রেইনি): শূন্যপদ ১৭টি (অসং ৯, তঃজাঃ ৩, ওবিসি (এনসিএল) ৪, ইডব্লিউএস ১ এবং এসবের মধ্যে থেকে প্রাঃসংকঃ ৩)। পে লোডার অপারেটর (ট্রেইনি): শূন্যপদ ১৮টি (অসং ১০, তঃজাঃ ৩, ওবিসি (এনসিএল) ৪, ইডব্লিউএস ১ এবং এসবের মধ্যে থেকে প্রাঃসংকঃ ৩)। সারফেস মাইনর অপারেটর (ট্রেইনি): শূন্যপদ ৪৩টি (অসং ১৯, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ২, ওবিসি (এনসিএল) ১০, ইডব্লিউএস ৪ এবং এসবের মধ্যে থেকে প্রাঃসংকঃ ৮)।

ওপরে বলা পদগুলির প্রার্থীদের অন্তত ৫৫ (ওবিসি হলে অন্তত ৫০, তফশিলি হলে অন্তত ৪৫) শতাংশ নম্বর নিয়ে মাধ্যমিক/ সমতুল পাশ হতে হবে। সঙ্গে আরটিএ/ আরটিও প্রদত্ত বৈধ ভারি গাড়ি চালানোর/ ট্রান্সপোর্ট লাইসেন্স থাকা চাই। ওপরে বলা পদগুলির জন্য ট্রেনিং পিরিয়ড/ প্রবেশন পিরিয়ড ৩ বছর। বেসিক পে দিনে ১৫০২.৬৬ টাকা। ৩ বছরের সফল ট্রেনিং শেষে, উপযুক্ত বিবেচিত হলে, নিয়োগ হবে সংশ্লিষ্ট স্কেল/ পদে HEMM অপারেটর (ট্রেইনি) এক্সকাভেশন ক্যাটেগরি D-তে।

স্টাফ নার্স (ট্রেইনি), টি অ্যান্ড এস গ্রেড-সি: শূন্যপদ ৪৭টি (অসং ২১, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ২, ওবিসি (এনসিএল) ১১, ইডব্লিউএস ৪ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ১, প্রাঃসংকঃ ৪)। উচ্চমাধ্যমিক/ সমতুল পাশ এবং নার্সিংয়ের স্বীকৃত ব্যাচেলর ডিগ্রি (বি.এসসি. নার্সিং)/ সরকার স্বীকৃত ইনস্টিটিউট থেকে পাশ করা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফেরি -র স্বীকৃত ডিপ্লোমাধারী হতে হবে। সঙ্গে যে কোনও স্টেট নার্সিং কাউন্সিলে বৈধ রেজিস্ট্রেশন থাকা চাই। ফার্মাসিস্ট (ট্রেইনি), টি অ্যান্ড এস গ্রেড-সি: শূন্যপদ ৪টি (অসং ৩, ওবিসি (এনসিএল) ১)। বিজ্ঞান শাখার উচ্চমাধয়মিক/ সমতুল পাশ এবং কেন্দ্র বা রাজ্য ফার্মাসি কাউন্সিল স্বীকৃত ইনস্টিটিউট থেকে ফার্মাসির ডিপ্লোমাধারী হতে হবে। সঙ্গে ফার্মাসি অ্যাক্ট, ১৯৪৮ -এর অধীন ফার্মাসি কাউন্সিলে বৈধ রেজিস্ট্রেশন থাকা চাই। টেকনিশিয়ান (প্যাথোলজিক্যাল) (ট্রেইনি), টি অ্যান্ড এস গ্রেড-সি: শূন্যপদ ১২টি (অসং ৬, তঃজাঃ ২, ওবিসি (এনসিএল) ৩, ইডব্লিউএস ১ এবং এসবের মধ্যে থেকে প্রাঃসংকঃ ১)। সরকার স্বীকৃত ইনস্টিটিউট থেকে পাশ করা প্যাথোলজির ডিপ্লোমাধারী হতে হবে। টেকনিশিয়ান (রেডিওগ্রাফার) (ট্রেইনি), টি অ্যান্ড এস গ্রেড-সি: শূন্যপদ ৩টি (অসং)। সরকার স্বীকৃত ইনস্টিটিউট থেকে রেডিওগ্রাফির ডিপ্লোমাধারী হতে হবে। টেকনিশিয়ান ফিজিওথেরাপিস্ট (ট্রেইনি), টি অ্যান্ড এস গ্রেড-সি: শূন্যপদ ৪টি (অসং ৩, ওবিসি (এনসিএল) ১)। সরকার স্বীকৃত ইনস্টিটিউট থেকে ফিজিওথেরাপির (অন্তত ৩ বছরের কোর্স) ডিপ্লোমাধারী হতে হবে।

ওপরে বলা স্টাফ নার্স, ফার্মাসিস্ট, টেকনিশিয়ান (প্যাথোলজিক্যাল, রেডিওগ্রাফার) এবং ফিজিওথেরাপিস্ট পদের ক্ষেত্রে ১ বছরের ট্রেনিং/ প্রবেশন। বেসিক পে মাসে ৪৭,৩৩০.২৫ টাকা। ১ বছরের সফল ট্রেনিং শেষে প্রার্থীদের টি অ্যান্ড এস গ্রেড-সি-তে রেগুলার করা হবে অথবা তাঁদের নিজ নিজ ক্যাডারে নিযুক্ত করা হবে।

টেকনিশিয়ান ডেন্টাল (ট্রেইনি), টি অ্যান্ড এস গ্রেড-ডি: শূন্যপদ ২টি (অসং)। উচ্চমাধ্যমিক/ সমতুল পাশ এবং সরকার স্বীকৃত ইনস্টিটিউট থেকে পাশ করা ডেন্টিস্ট্রি/ ডেন্টাল টেকনোলজির ডিপ্লোমাধারী হতে হবে। টেকনিশিয়ান (রিফ্র্যাকশন/ অপটোমেট্রি) (ট্রেইনি), টি অ্যান্ড এস গ্রেড-ডি: শূন্যপদ ১টি (অসং)। উচ্চমাধ্যমিক/ সমতুল পাশ এবং সরকার স্বীকৃত ইনস্টিটিউট থেকে পাশ করা রিফ্র্যাকশন/ অপটোমেট্রির ডিপ্লোমাধারী হতে হবে। জুনিয়র টেকনিশিয়ান (ইসিজি) (ট্রেইনি), টি অ্যান্ড এস গ্রেড-ডি: শূন্যপদ ২টি (অসং)। উচ্চমাধ্যমিক/ সমতুল পাশ এবং কার্ডিওলজিস্ট/ ফিজিশিয়ানের অধীনে কোনও হাসপাতাল অথবা কার্ডিওলজিস্ট/ ফিজিশিয়ানের তত্ত্বাবধানে ইসিজি পরিষেবা দেওয়া হয় এমন কোনও নামী নার্সিংহোমে ইসিজি টেকনিশিয়ান হিসেবে দুই বছরের অভিজ্ঞতার সার্টিফিকেট থাকা চাই। ওপরে বলা টেকনিশিয়ান (ইসিজি, রিফ্র্যাকশন/ অপটোমেট্রি, ডেন্টাল পদের ক্ষেত্রে ৩ বছরের ট্রেনিং/ প্রবেশন। বেসিক পে মাসে ৪৩,৭৭৫.৫৫ টাকা। সফলভাবে ট্রেনিং এবং ট্রেড টেস্ট সম্পূর্ণ করলে নিয়োগের জন্য বিবেচনা করা হবে।

ওভারশিয়ার (সিভিল) টি অ্যান্ড এস গ্রেড-সি: শূন্যপদ ৩০টি (অসং ১৪, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ১, ওবিসি (এনসিএল) ৭, ইডব্লিউএস ২ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ১, প্রাঃসংকঃ ২)। মাধ্যমিক/ সমতুল পাশ এবং সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে (৩ বছরের কোর্স) ডিপ্লোমাধারী হতে হবে। এই পদের ক্ষেত্রে ১ বছরের ট্রেনিং/ প্রবেশন। বেসিক পে মাসে ৪৭,৩৩০.২৫ টাকা। নিয়োগ হবে টি অ্যান্ড এস গ্রেড-সি -তে।

ওপরে বলা সব পদের ক্ষেত্রে ০১-০৫.২০২৬ তারিখের হিসেবে বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, সাধাঃ-প্রতিবন্ধীরা ১০, ওবিসি-প্রতিবন্ধীরা ১৩, তফশিলি-প্রতিবন্ধীরা ১৫ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। ডিপার্টমেন্টল ক্যান্ডিডেটদের ক্ষেত্রে বয়সের কোনও উর্ধ্বসীমা নেই। ওভারশিয়ার (সিভিল) পদের ক্ষেত্রে সমস্ত কোয়ালিফিকেশন এআইসিটিই/ ইউজিসি/ উপযুক্ত ভারতীয় আইনগত কর্তৃপক্ষ স্বীকৃত হতে হবে।

প্রার্থিবাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। অনলাইন আবেদনপত্রে উল্লেখিত যোগ্যতার ভিত্তিতেই কেবলমাত্র কম্পিউটার ভিত্তিক পরীক্ষায় (CBT) ডাকা হবে। ফল প্রকাশের পর নির্ধারিত কাট-অফ নম্বর (ন্যূনতম যোগ্যতা নম্বর) অনুযায়ী কম্পিউটার ভিত্তিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের, আবেদনকৃত পদের জন্য যোগ্যতা যাচাই করা হবে। এইচইএমএম অপারেটর (ট্রেনি) পদগুলির প্রার্থিবাছাইয়ের জন্য একটি ১০০ নম্বরের, ৯০ মিনিটের কম্পিউটার ভিত্তিক পরীক্ষা (CBT) নেওয়া হবে। মেধাতালিকা প্রস্তুত করা হবে নম্বরের ভিত্তিতে। প্রতিটি প্রশ্নে ১ নম্বর এবং নেগেটিভ মার্কিং নেই (ভুল উত্তরের জন্য নম্বর কাটা যাবে না)। কোনও প্রশ্নের উত্তর না দিলে তার জন্য কোনও নম্বর পাবেন না। প্রশ্ন হবে ইংরিজি এবং হিন্দিতে। হিন্দি সংস্করণে কোনো ভুল বা অস্পষ্টতা থাকলে ইংরেজি সংস্করণই চূড়ান্ত ও বৈধ হিসেবে গণ্য হবে।

প্যারামেডিক্যাল স্টাফ এবং ওভারসিয়ার (সিভিল) এই দুটি পদের প্রতিটির জন্য আলাদাভাবে ১০০ নম্বরের ও ৯০ মিনিটের কম্পিউটার ভিত্তিক পরীক্ষা (CBT) হবে। পরীক্ষাটি দুটি অংশে - সেকশন-এ এবং সেকশন-বি। ৭০ নম্বরের সেকশন-এ -তে থাকবে সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক টেকনিক্যাল নলেজের ৭০টি এমসিকিউ (MCQ) প্রশ্ন। ৩০ নম্বরের সেকশন-বি -তে থাকবে সাধারণ জ্ঞান, সাধারণ সচেতনতা, যুক্তি (Reasoning), ভাষাগত ও মানসিক দক্ষতা (Verbal & Mental Ability) এবং গাণিতিক দক্ষতা (Quantitative Aptitude) -এর ৩০টি এমসিকিউ (MCQ) প্রশ্ন। প্রতিটি প্রশ্নে ১ নম্বর এবং নেগেটিভ মার্কিং নেই (ভুল উত্তরের জন্য নম্বর কাটা যাবে না)। কোনও প্রশ্নের উত্তর না দিলে তার জন্য কোনও নম্বর পাবেন না। প্রশ্ন হবে ইংরিজি এবং হিন্দিতে। হিন্দি সংস্করণে কোনো ভুল বা অস্পষ্টতা থাকলে ইংরেজি সংস্করণই চূড়ান্ত ও বৈধ হিসেবে গণ্য হবে। ১০০ সিবিটি -তে সফল হতে অসংরক্ষিত/ ইডব্লিউএস প্রার্থীদের অন্তত ৫০ নম্বর এবং বাকিদের অন্তত ৪০ নম্ব পেতে হবে। কম্পিউটার

*........ এরপর ৩ পাতায়*

## ৫৭৭ নার্স, টেকনিশিয়ান

*২ পাতার পর ...........*

ভিত্তিক পরীক্ষা (CBT) হবে অনলাইন আবেদনপত্রে উল্লেখিত শহরের পরীক্ষাকেন্দ্রগুলিতে। অনলাইন আবেদন করার সময় 'কেন্দ্র' নির্বাচন করতে হবে। আবেদন জমা হয়ে গেলে আর পরিবর্তন করা যাবে না।

অসংরক্ষিত/ ওবিসি/ আর্থিকভাবে কমজোর প্রার্থীদের আবেদনের ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা। সঙ্গে জিএসটি ১৮০ টাকা। সব মিলিয়ে মোট ১,১৮০ টাকা। তফশিলি/ প্রাঃসঃকঃ/ প্রতিবন্ধী/ ডিপার্টমেন্টাল প্রার্থীদের এই ফি দিতে হবে না।

আবেদন করবেন www.ncl-cil.in ওয়েবসাইটের মাধ্যমে, ০১ মে, ২০২৬ তারিখের মধ্যে। অনলাইন আবেদনের পদ্ধতি পাবেন ওয়েবসাইটে। অনলাইন আবেদন করার সময় এখনকার তোলা রঙিন পাসপোর্ট মাপের ছবি (জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে, ৩ সপ্তাহের মধ্যে তোলা), সই (কালো কালিতে করা) (জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে), মাধ্যমিক/ সমতুলের সার্টিফিকেট (পিডিএফ ফর্ম্যাটে), ওবিসি/ প্রতিবন্ধী/ তফশিলি সার্টিফিকেটের স্ব-প্রতিযয়িত কপি, ইডব্লিউএস প্রার্থীরা ইনকাম ও অ্যাসেটের স্ব-প্রত্যয়িত কপি, ইত্যাদি স্ক্যান করে আপলোড করবেন। নিজের যোগ্যতা অনুযায়ী আবেদন করবেন ওপরের পদগুলির একটিতে। একাধিক পদের জন্য আবেদন করলে আবেদন বাতিল হবে। আবেদনপত্র এবং কোনও প্রমাণপত্রের হার্ড কপি ডাকযগে বা অন্য মাধ্যমে কোথাও পাঠাতে হবে না। রেফারেন্স নং NCL/SING/HR/Direct-Recruitment/2026-27/125. আরও অনেক বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

---

## ৫৩৪ সুপারভাইজর

*২ পাতার পর ...........*

শূন্যপদ ১টি (অসং)। নিয়োগ হবে এ-২ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ২৯,৭৪০ - ১,০৩,০০০ টাকা।

সেফটি অফিসার: মোট শূন্যপদ ১টি। নাসিকের কারেন্সি নোট প্রেসে: শূন্যপদ ১টি (অসং)। নিয়োগ হবে পি-২ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ২৯,৭৪০ - ১,০৩,০০০ টাকা।

সুপারভাইজর (টেকনিক্যাল কন্ট্রোল): মোট শূন্যপদ ২৭টি। এরমধ্যে থেকে মধ্যপ্রদেশের ব্যাঙ্ক নোট প্রেসে: শূন্যপদ ৩টি (অসং ২, ওবিসি ১)। নাসিকের কারেন্সি নোট প্রেসে: শূন্যপদ ১২টি (অসং ৬, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ৩, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১)। নাসিকের ইন্ডিয়া সিকিউরিটি প্রেসে: শূন্যপদ ১১টি (অসং ৩, তঃজাঃ ৩, ওবিসি ৪, আর্থিকভাবে দুর্বল ১)। হায়দাবাদের সিকিউরিটি প্রিন্টিং প্রেসে: শূন্যপদ ১টি (অসং)। নিয়োগ হবে এস-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ২৭,৬০০ - ৯৫,৯১০ টাকা।

সুপারভাইজার (টু-প্রিন্টিং): মোট শূন্যপদ ২৫টি। এরমধ্যে থেকে নাসিকের কারেন্সি নোট প্রেসে: শূন্যপদ ১২টি (অসং ৬, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ২)। নাসিকের ইন্ডিয়া সিকিউরিটি প্রেসে: শূন্যপদ ১২টি (অসং ৬, তঃজাঃ ৩, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ১)। হায়দরাবাদের সিকিউরিটি প্রিন্টিং প্রেসে: শূন্যপদ ১টি (অসং)। নিয়োগ হবে এস-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ২৭,৬০০ - ৯৫,৯১০ টাকা।

সুপারভাইজর (আইটি): মোট শূন্যপদ ৬টি। এরমধ্যে থেকে নাসিকের কারেন্সি নোট প্রেসে: শূন্যপদ ২টি (অসং)। নাসিকের ইন্ডিয়া সিকিউরিটি প্রেসে: শূন্যপদ ৩টি (অসং)। হায়দরাবাদের সিকিউরিটি প্রিন্টিং প্রেসে: শূন্যপদ ১টি (অসং)। নিয়োগ হবে এস-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ২৭,৬০০ - ৯৫,৯১০ টাকা।

সুপারভাইজর (টু-মেকানিক্যাল): মোট শূন্যপদ ৭টি। এরমধ্যে থেকে নাসিকের কারেন্সি নোট প্রেসে: শূন্যপদ ২টি (অসং ১, আর্থিকভাবে দুর্বল ১)। নাসিকের ইন্ডিয়া সিকিউরিটি প্রেসে: শূন্যপদ ৫টি (অসং ১, তঃজাঃ ১, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ১)। নিয়োগ হবে এস-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ২৭,৬০০ - ৯৫,৯১০ টাকা।

সুপারভাইজর (টু-এসি): মোট শূন্যপদ ৩টি। এরমধ্যে থেকে নাসিকের কারেন্সি নোট প্রেসে: শূন্যপদ ১টি (অসং)। নাসিকের ইন্ডিয়া সিকিউরিটি প্রেসে: শূন্যপদ ২টি (অসং)। নিয়োগ হবে এস-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ২৭,৬০০ - ৯৫,৯১০ টাকা।

সুপারভাইজর (টু-ইলেক্ট্রিক্যাল): মোট শূন্যপদ ৮টি। এরমধ্যে থেকে নাসিকের কারেন্সি নোট প্রেসে: শূন্যপদ ২টি (অসং ১, তঃউঃজাঃ ১)। নাসিকের ইন্ডিয়া নোট প্রেসে: শূন্যপদ ৫টি (অসং ২, তঃজাঃ ১, ওবিসি ১, আর্থিকভাবে দুর্বল ১)। নিয়োগ হবে এস-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ২৭,৬০০ - ৯৫,৯১০ টাকা।

সুপারভাইজার (টু-ইলেক্ট্রনিক্স): মোট শূন্যপদ ৯টি। এরমধ্যে থেকে নাসিকের কারেন্সি নোট প্রেসে: শূন্যপদ ২টি (অসং ১, তঃউঃজাঃ ১)। নাসিকের ইন্ডিয়া নোট প্রেসে: শূন্যপদ ৭টি (অসং ৪, তঃজাঃ ১, ওবিসি ২)। নিয়োগ হবে এস-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ২৭,৬০০ - ৯৫,৯১০ টাকা।

সুপারভাইজর (ইঙ্ক-ফ্যাক্টরি): মোট শূন্যপদ ৩টি। মধ্যপ্রদেশের ব্যাঙ্ক নোট প্রেসে: শূন্যপদ ৩টি (অসং ১, ওবিসি ১, আর্থিকভাবে দুর্বল ১)। নিয়োগ হবে এস-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ২৭,৬০০ - ৯৫,৯১০ টাকা।

সুপারভাইজর (মেকানিক্যাল/ এয়ার কন্ডিশনিং): মোট শূন্যপদ ৩টি। মধ্যপ্রদেশের ব্যাঙ্ক নোট প্রেসে: শূন্যপদ ৩টি (অসং ১, ওবিসি ১, আর্থিকভাবে দুর্বল ১)। নিয়োগ হবে এস-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ২৭,৬০০ - ৯৫,৯১০ টাকা।

সুপারভাইজর (ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রনিক্স): মোট শূন্যপদ ৩টি। মধ্যপ্রদেশের ব্যাঙ্ক নোট প্রেসে: শূন্যপদ ৩টি (অসং ১, ওবিসি ১, আর্থিকভাবে দুর্বল ১)। নিয়োগ হবে এস-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইএন ২৭,৬০০ - ৯৫,৯১০ টাকা।

সুপারভাইজর (টু-সিভিল): মোট শূন্যপদ ৩টি। এরমধ্যে থেকে নাসিকের কারেন্সি নোট প্রেসে: শূন্যপদ ১টি (অসং)। নাসিকের ইন্ডিয়া নোট প্রেসে: শূন্যপদ ২টি (অসং)। নিয়োগ হবে এস-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ২৭,৬০০ - ৯৫,৯১০ টাকা।

সুপারভাইজর (টু-ইনস্ট্রুমেন্টেশন): মোট শূন্যপদ ১টি। নাসিকের কারেন্সি নোট প্রেসে: শূন্যপদ ১টি (অসং)। নিয়োগ হবে এস-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ২৭,৬০০ - ৯৫,৯১০ টাকা।

সুপারভাইজর (অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ): মোট শূন্যপদ ১টি। নাসিকের কারেন্সি নোট প্রেসে: শূন্যপদ ১টি (অসং)। নিয়োগ হবে এস-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ২৭,৬০০ - ৯৫,৯১০ টাকা।

সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট: মোট শূন্যপদ ১টি। নাসিকের ইন্ডিয়া সিকিউরিটি প্রেসে: শূন্যপদ ১টি (অসং)। নিয়োগ হবে বি-৪ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। মাইনে ২৩,৯১০ - ৮৫,৫৭০ টাকা।

আর্টিস্ট (গ্রাফিক ডিজাইন): মোট শূন্যপদ ১টি। নাসিকের সিকিউরিটি নোট প্রেসে: শূন্যপদ ১টি (অসং)। নিয়োগ হবে বি-৪ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের। মাইনে ২৩,৯১০ - ৮৫,৫৭০ টাকা।

জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট: মোট শূন্যপদ ২২টি। এরমধ্যে থেকে নাসিকের কারেন্সি নোট প্রেসে: শূন্যপদ ১২টি (অসং ৮, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ১, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১)। নাসিকের ইন্ডিয়া সিকিউরিটি প্রেসে: শূন্যপদ ৬টি (অসং ৩, তঃউঃজাঃ ১, আর্থিকভাবে দুর্বল ২)। হায়দরাবাদের সিকিউরিটি প্রিন্টিং প্রেসে: শূন্যপদ ৪টি (অসং ২, তঃজাঃ ১, ওবিসি ১)। নিয়োগ হবে বি-৩ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। মাইনে ২১,৫৪০ - ৭৭,১৬০ টাকা।

জুনিয়র টেকনিশিয়ান (প্রিন্টিং): মোট শূন্যপদ ১০৮টি। এরমধ্যে থেকে মধ্যপ্রদেশের ব্যাঙ্ক নোট প্রেসে: শূন্যপদ ২৫টি (অসং ১২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ওবিসি ৬, আর্থিকভাবে দুর্বল ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ২)। নাসিকের কারেন্সি নোট প্রেসে: শূন্যপদ ২৫টি (অসং ১১, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৫, ওবিসি ৪, আর্থিকভাবে দুর্বল ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ৫)। নাসিকের ইন্ডিয়া সিকিউরিটি প্রেসে: শূন্যপদ ৩৪টি (অসং ৮, তঃউঃজাঃ ৬, ওবিসি ৯, আর্থিকভাবে দুর্বল ১১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২, প্রাক্তন সমরকর্মী ৩)। হায়দরাবাদের সিকিউরিটি প্রিন্টিং প্রেসে: শূন্যপদ ২৪টি (অসং ১০, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ওবিসি ৬, আর্থিকভাবে দুর্বল ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ২)। নিয়োগ হবে ডব্লু-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মাইনে ১৮,৭৮০ - ৬৭,৩৯০ টাকা।

জুনিয়র টেকনিশিয়ান (কন্ট্রোল): মোট শূন্যপদ ২২৭টি। এরমধ্যে থেকে মধ্যপ্রদেশের ব্যাঙ্ক নোট প্রেসে: শূন্যপদ ১৪টি (অসং ৬, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৩, ওবিসি ৩, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ১)। নাসিকের কারেন্সি নোট প্রেসে: শূন্যপদ ২৫টি (অসং ১০, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৫, ওবিসি ৫, আর্থিকভাবে দুর্বল ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ৫)। নাসিকের ইন্ডিয়া সিকিউরিটি প্রেসে: শূন্যপদ ১৫৭টি (অসং ৬২, তঃজাঃ ২০, তঃউঃজাঃ ১৪, ওবিসি ৪০, আর্থিকভাবে দুর্বল ২১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৭, প্রাক্তন সমরকর্মী ১৫)। হায়দরাবাদের সিকিউরিটি প্রিন্টিং প্রেসে: শূন্যপদ ৩১টি (অসং ১৩, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ওবিসি ৬, আর্থিকভাবে দুর্বল ৩ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ৩)। নিয়োগ হবে ডব্লু-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মাইনে ১৮,৭৮০ - ৬৭,৩৯০ টাকা।

জুনিয়র টেকনিশিয়ান (ইলেক্ট্রিক্যাল): মোট শূন্যপদ ১২টি। এরমধ্যে থেকে নাসিকের কারেন্সি নোট প্রেসে: শূন্যপদ ৫টি (অসং ৩, তঃউঃজাঃ ১, ওবিসি ১)। নাসিকের ইন্ডিয়া সিকিউরিটি প্রেসে: শূন্যপদ ৬টি (অসং ৩, তঃজাঃ ১, ওবিসি ১, আর্থিকভাবে দুর্বল ১)। হায়দরাবাদের সিকিউরিটি প্রিন্টিং প্রেসে: শূন্যপদ ১টি (অসং)। নিয়োগ হবে ডব্লু-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মাইনে ১৮,৭৮০ - ৬৭,৩৯০ টাকা।

জুনিয়র টেকনিশিয়ান (ইলেক্ট্রনিক্স): মোট শূন্যপদ ১৫টি। এরমধ্যে থেকে নাসিকের কারেন্সি নোট প্রেসে: শূন্যপদ ৫টি (অসং ২, তঃজাঃ ১, ওবিসি ১, আর্থিকভাবে দুর্বল ১)। নাসিকের ইন্ডিয়া সিকিউরিটি প্রেসে: শূন্যপদ ১০টি (অসং ৬, তঃজাঃ ১, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ১)। নিয়োগ হবে ডব্লু-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মাইনে ১৮,৭৮০ - ৬৭,৩৯০ টাকা।

জুনিয়র টেকনিশিয়ান (মেশিনিস্ট): মোট শূন্যপদ ৮টি। এরমধ্যে থেকে নাসিকের কারেন্সি নোট প্রেসে: শূন্যপদ ৫টি (অসং ৩, তঃজাঃ ১, ওবিসি ১)। নাসিকের ইন্ডিয়া সিকিউরিটি প্রেসে: শূন্যপদ ৩টি (অসং ২, ওবিসি ১)। নিয়োগ হবে ডব্লু-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মাইনে ১৮,৭৮০ - ৬৭,৩৯০ টাকা।

জুনিয়র টেকনিশিয়ান (ফিটার): মোট শূন্যপদ ২০টি। এরমধ্যে থেকে নাসিকের কারেন্সি নোট প্রেসে: শূন্যপদ ৫টি (অসং ৩, তঃজাঃ ১, ওবিসি ১)। নাসিকের ইন্ডিয়া সিকিউরিটি প্রেসে: শূন্যপদ ১৫টি (অসং ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ৫, আর্থিকভাবে দুর্বল ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ১)। নিয়োগ হবে ডব্লু-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মাইনে ১৮,৭৮০ - ৬৭,৩৯০ টাকা।

জুনিয়র টেকনিশিয়ান (মেকানিক মেশিন টুল মেন্টেন্যান্স/ ফিটার): মোট শূন্যপদ ৩টি। হায়দরাবাদের সিকিউরিটি প্রিন্টিং প্রেসে: শূন্যপদ

*......... এরপর ৪ পাতায়*

## ৫৩৪ সুপারভাইজর

৩ পাতার পর ..........

৩টি (অসং ২, তঃজাঃ ১)। নিয়োগ হবে ডব্লু-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মাইনে ১৮,৭৮০ - ৬৭,৩৯০ টাকা।

জুনিয়র টেকনিশিয়ান (ইলেক্ট্রনিক্স/ ইনস্ট্রুমেন্টেশন): মোট শূন্যপদ ১টি। হায়দরাবাদের সিকিউরিটি প্রিন্টিং প্রেসে: শূন্যপদ ১টি (অসং)। নিয়োগ হবে ডব্লু-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মাইনে ১৮,৭৮০ - ৬৭,৩৯০ টাকা।

জুনিয়র টেকনিশিয়ান (স্টোর): শূন্যপদ ২টি। হায়দরাবাদের সিকিউরিটি প্রিন্টিং প্রেসে: শূন্যপদ ২টি (অসং)। নিয়োগ হবে ডব্লু-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মাইনে ১৮,৭৮০ - ৬৭,৩৯০ টাকা।

জুনিয়র টেকনিশিয়ান (এয়ার কন্ডিশনিং): শূন্যপদ ২টি। নাসিকের কারেন্সি নোট প্রেসে: শূন্যপদ ২টি (অসং ১, তঃজাঃ ১)। নিয়োগ হবে ডব্লু-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মাইনে ১৮,৭৮০ - ৬৭,৩৯০ টাকা।

জুনিয়র টেকনিশিয়ান (ইঙ্ক ফ্যাক্টরি-অ্যাটেন্ড্যান্ট অপারেটর): শূন্যপদ ৩টি। মধ্যপ্রদেশের ব্যাঙ্ক নোট প্রেসে: শূন্যপদ ৩টি (অসং ১, ওবিসি ১, আর্থিকভাবে দুর্বল ১)। নিয়োগ হবে ডব্লু-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মাইনে ১৮,৭৮০ - ৬৭,৩৯০ টাকা।

জুনিয়র টেকনিশিয়ান (ইঙ্ক ফ্যাক্টরি-ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট): শূন্যপদ ৩টি। মধ্যপ্রদেশের ব্যাঙ্ক নোট প্রেসে: শূন্যপদ ৩টি (অসং ১, তঃউঃজাঃ ১, ওবিসি ১)। নিয়োগ হবে ডব্লু-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মাইনে ১৮,৭৮০ - ৬৭,৩৯০ টাকা।

জুনিয়র টেকনিশিয়ান (মেকানিক্যাল/ এয়ার কন্ডিশনিং): শূন্যপদ ২টি। মধ্যপ্রদেশের ব্যাঙ্ক নোট প্রেসে: শূন্যপদ ২টি (তঃজাঃ)। নিয়োগ হবে ডব্লু-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মাইনে ১৮,৭৮০ - ৬৭,৩৯০ টাকা।

জুনিয়র টেকনিশিয়ান (ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রনিক্স): শূন্যপদ ২টি। মধ্যপ্রদেশের ব্যাঙ্ক নোট প্রেসে: শূন্যপদ ৩টি (তঃউঃজাঃ ১, আর্থিকভাবে দুর্বল ১)। নিয়োগ হবে ডব্লু-১ পদে। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মাইনে ১৮,৭৮০ - ৬৭,৩৯০ টাকা।

ওয়েলফেয়ার অফিসার: ওয়েলফেয়ার বা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রি পাশরা আবেদন করতে পারেন। সুপারভাইজার (টেকনিক্যাল): মেকানিক্যাল/ ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। সুপারভাইজার (টু-প্রিন্টিং): প্রিন্টিং টেকনোলজিতে ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। সুপারভাইজার (আইটি): কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/আইটিতে ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। সুপারভাইজার (টিও-মেকানিক্যাল): মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। সুপারভাইজার (টিও-এসি): মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। সুপারভাইজার (টিও-ইলেকট্রিক্যাল): ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। সুপারভাইজার (টিও-ইন্সট্রুমেন্টেশন): ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। সুপারভাইজার (ফ্যাক্টরি): মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। সুপারভাইজার (ইলেকট্রিক্যাল/এয়ার কন্ডিশনিং): ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। সুপারভাইজার (টিও-ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স): ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। সুপারভাইজার (টিও-সিভিল): সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। সুপারভাইজার (রাজভাষা): ইংরেজি বিষয়সহ হিন্দিতে স্নাতকোত্তর ডিগ্রি পাশরা আবেদন করতে পারেন। সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট: যে কোনও শাখার গ্র্যাজুয়েট ডিগ্রি পাশরা আবেদন করতে পারেন। আর্টিস্ট (গ্রাফিক ডিজাইন): ফাইন আর্টস/কমার্শিয়াল আর্টে ডিগ্রি পাশরা আবেদন করতে পারেন। জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট: যে কোনও শাখায় গ্র্যাজুয়েট ডিগ্রি পাশরা আবেদন করতে পারেন। জুনিয়র টেকনিশিয়ান (প্রিন্টিং): প্রিন্টিং ট্রেডে আইটিআই সার্টিফিকেটধারীরা আবেদন করতে পারেন। জুনিয়র টেকনিশিয়ান (কন্ট্রোল): কন্ট্রোল/ইন্সট্রুমেন্টেশন ট্রেডে আইটিআই সার্টিফিকেটধারীরা আবেদন করতে পারেন। জুনিয়র টেকনিশিয়ান (ইলেকট্রিক্যাল): ইলেকট্রিক্যাল ট্রেডে আইটিআই সার্টিফিকেটধারীরা আবেদন করতে পারেন। জুনিয়র টেকনিশিয়ান (ইলেকট্রনিক্স): ইলেকট্রনিক্স ট্রেডে আইটিআই সার্টিফিকেটধারীরা আবেদন করতে পারেন। জুনিয়র টেকনিশিয়ান (মেশিনিস্ট): মেশিনিস্ট ট্রেডে আইটিআই সার্টিফিকেটধারীরা আবেদন করতে পারেন। জুনিয়র টেকনিশিয়ান (ফিটার): ফিটার ট্রেডে আইটিআই সার্টিফিকেটধারীরা আবেদন করতে পারেন। জুনিয়র টেকনিশিয়ান (মেকানিক মেশিন টুল মেইনটেন্যান্স / ফিটার): মেকানিক মেশিন টুল মেইনটেন্যান্স/ফিটার ট্রেডে আইটিআই সার্টিফিকেটধারীরা আবেদন করতে পারেন। জুনিয়র টেকনিশিয়ান (ইলেকট্রনিক্স/ ইন্সট্রুমেন্টেশন): ইলেকট্রনিক্স/ ইন্সট্রুমেন্টেশন ট্রেডে আইটিআই সার্টিফিকেটধারীরা আবেদন করতে পারেন। জুনিয়র টেকনিশিয়ান (স্টোর): স্টোর কিপার ট্রেডে আইটিআই সার্টিফিকেটধারীরা আবেদন করতে পারেন। জুনিয়র টেকনিশিয়ান (এয়ার কন্ডিশনিং): এয়ার কন্ডিশনিং ট্রেডে আইটিআই সার্টিফিকেটধারীরা আবেদন করতে পারেন। জুনিয়র টেকনিশিয়ান (ইঙ্ক ফ্যাক্টরি - অ্যাটেন্ডেন্ট অপারেটর): ইঙ্ক ফ্যাক্টরি-অ্যাটেন্ডেন্ট অপারেটর ট্রেডে আইটিআই সার্টিফিকেটধারীরা আবেদন করতে পারেন। জুনিয়র টেকনিশিয়ান (ইঙ্ক ফ্যাক্টরি - ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট): ইঙ্ক ফ্যাক্টরি-ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট ট্রেডে আইটিআই সার্টিফিকেটধারীরা আবেদন করতে পারেন। জুনিয়র টেকনিশিয়ান (মেকানিক্যাল/ এয়ার কন্ডিশনিং): মেকানিক্যাল/ এয়ার কন্ডিশনিং ট্রেডে আইটিআই সার্টিফিকেটধারীরা আবেদন করতে পারেন। জুনিয়র টেকনিশিয়ান (ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স): ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স ট্রেডে আইটিআই সার্টিফিকেটধারীরা আবেদন করতে পারেন।

আবেদন করবেন অনলাইনে https://cnpnashik.spmcil.com/ ওয়েবসাইটের মাধ্যমে, ২০ এপ্রিল থেকে ১৯ মে-র মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি, সই সহ অন্যান্য নথিপত্র ওয়েবসাইটে দেওয়া নিয়ম অনুযায়ী স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। দরখাস্ত সাবমিট করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। উল্লেখ্য, এই নিয়োগের সম্পূর্ণ বিজ্ঞপ্তিপ্রকাশিত হলে তা কাজকেরিয়ারে জানিয়ে দেওয়া হবে। আবেদনের পদ্ধতি, প্রার্থীবাছাই সহ আরও তথ্য পাবেন নীচে বলা ওয়েবসাইটে।

## ২৪৩ বৈজ্ঞানিক নিচ্ছে

১ পাতার পর ..........

ইনফর্মেশন টেকনোলজি: মোট শূন্যপদ ১৬৮টি (অসং ৭০, তঃজাঃ ২৫, তঃউঃজাঃ ১২, ওবিসি ৪৫, আর্থিকভাবে দুর্বল ১৬ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৮)। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন: মোট শূন্যপদ ২৫টি (অসং ১৩, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ওবিসি ৬, আর্থিকভাবে দুর্বল ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১)। ডেটা সায়েন্স অ্যান্ড আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স: মোট শূন্যপদ ৫০টি (অসং ২২, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ওবিসি ১৩, আর্থিকভাবে দুর্বল ৫ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২)।

শিক্ষাগত যোগ্যতা হতে হবে— নীচে বলা ডিসিপ্লিনের (সিঙ্গল বা কম্বিনেশনের) ব্যাচেলর অফ ইঞ্জিনিয়ারিং/ ব্যাচেলর অফ টেকনোলজি অথবা ডিপার্টমেন্ট অফ ইলেক্ট্রনিক্স অ্যান্ড অ্যাক্রিডিটেশন অফ কম্পিউটার (ডোয়েক) থেকে 'বি' লেভেল সার্টিফিকেট পাশ অথবা অ্যাসোসিয়েট মেম্বার অফ ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ার্স পাশ অথবা গ্র্যাজুয়েট ইনস্টিটিউট অফ ইলেক্ট্রনিক্সঅ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার্স পাশ অথবা সায়েন্সের মাস্টার ডিগ্রি পাশ অথবা কম্পিউটার অ্যাপ্লিকেশনের মাস্টার ডিগ্রি পাশ অথবা ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজির মাস্টার ডিগ্রি পাশরা অথবা ফিলোজফির মাস্টার ডিগ্রি পাশ হতে হবে। ডিসিপ্লিনগুলি হল— ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, কম্পিউটার সায়েন্স, কমিউনিকেশন, কম্পিউটার অ্যান্ড নেটওয়ার্কিং সিকিউরিটি, কম্পিউটার অ্যাপ্লিকেশন, সফটওয়্যার সিস্টেম, ইনফর্মেশন টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি ম্যানেজমেন্ট, ইনফর্মেটিক্স, কম্পিউটার ম্যানেজমেন্ট, সাইবার ল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন। সঙ্গে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজির ক্ষেত্রে পেপার কোড-CS বিষয়ে, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনের ক্ষেত্রে পেপার কোড-EC বিষয়ে এবং ডেটা সায়েন্স অ্যান্ড আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের ক্ষেত্রে পেপার কোড-DA বিষয়ে ২০২৪/ ২০২৫/ ২০২৬ সালের গেট পরীক্ষায় পাশ করে থাকতে হবে। এই নিয়োগের ক্ষেত্রে কোনও অভিজ্ঞতার প্রয়োজন নেই।

বয়স হতে হবে ৩১-৩-২০২৬ তারিখের হিসেবে ৩০ বছরের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০ (তফশিলি হলে ১৫, ওবিসি হলে ১৩) বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। মাইনে ৫৬,১০০ - ১,৭৭,৫০০ টাকা। সঙ্গে অন্যান্য ভাতা ও সুযোগ-সুবিধা।

প্রার্থীবাছাইয়ের ক্ষেত্রে প্রাথমিকভাবে গেট পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে বাছাই প্রার্থীদের ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। এরপর হবে নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষা। নথিপত্র যাচাইয়ের সময় সঙ্গে নেবেন— জন্মতারিখের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট/ বার্থ সার্টিফিকেট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেট, ২০২৪/ ২০২৫/ ২০২৬ সালের গেট স্কোরকার্ড, অন্যান্য শিক্ষাগত যোগ্যতার মার্কশিট ও সার্টিফিকেট, প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণপত্র, কাস্ট/ ক্যাটেগরি সার্টিফিকেট ইত্যাদির মূল ও সেগুলির স্বপ্রত্যয়িত জেরক্স।

আবেদন করবেন অনলাইনে https://recruitment.nic.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ২৪ এপ্রিলের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। আবেদনের ফি বাবদ দিতে হবে ৮০০ টাকা। ফি জমা দেবেন অনলাইনে ডেবিট/ ক্রেডিট কার্ড/ নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অনলাইনে ফি পেমেন্ট হয়ে গেলে ই-রিসিপ্টের প্রিন্ট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। তফশিলি, শারীরিক প্রতিবন্ধী ও মহিলাদের এই ফি দিতে হবে না। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং: NIC/SCB/2026/1. আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

## ইন্ডিয়ান ব্যাঙ্কে ৩৫০

১ পাতার পর ..........

- ডিসি অপারেশন্স (স্কেল-II) (পোস্ট কোড ০১): শূন্যপদ ৪টি (অসং ২, তঃজাঃ ১, ওবিসি ১)। ম্যানেজার - ইনফর্মেশন সিকিউরিটি অপারেশন্স (স্কেল-II) (পোস্ট কোড ০২): শূন্যপদ ৩টি (অসং ২, ওবিসি ১)। ম্যানেজার - ডিবিএ (স্কেল-II) (পোস্ট কোড ০৩): শূন্যপদ ৫টি (অসং ৩, তঃজাঃ ১, ওবিসি ১)। ম্যানেজার - নেটওয়ার্ক অপারেশন্স (স্কেল-II) (পোস্ট কোড ০৪): শূন্যপদ ৩টি (অসং ২, ওবিসি ১)। ম্যানেজার - অ্যাপ্লিকেশন ডেভেলপার (স্কেল-II) (পোস্ট কোড ০৫): শূন্যপদ ৩টি (অসং ২, তঃজাঃ ১)। ম্যানেজার

........ এরপর ৫ পাতায়

## ইন্ডিয়ান ব্যাঙ্কে ৩৫০

*৪ পাতার পর ..........*

- এপিআই ডেভেলপার (স্কেল-II) (পোস্ট কোড ০৬): শূন্যপদ ৪টি (অসং ২, তঃজাঃ ১, ওবিসি ১)। ম্যানেজার - ডেটা অ্যানালিস্ট (স্কেল-II) (পোস্ট কোড ০৭): শূন্যপদ ৩টি (অসং ২, তঃজাঃ ১)। ম্যানেজার - চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট (স্কেল-II) (পোস্ট কোড ০৮): শূন্যপদ ১০টি (অসং ৬, তঃজাঃ ১, ওবিসি ২, আর্থিকভাবে কমজোর প্রার্থী ১ এবং এসবের মধ্যে থেকে অস্থি প্রতিবন্ধী ১)। সিনিয়র ম্যানেজার - ক্রেডিট (স্কেল-III) (পোস্ট কোড ০৯): শূন্যপদ ২০টি (অসং ৭, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ওবিসি ৫, আর্থিকভাবে কমজোর প্রার্থী ৩ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ১)। ম্যানেজার - ক্রেডিট (স্কেল-II) (পোস্ট কোড ১০): শূন্যপদ ৮০টি (অসং ২৯, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৭, ওবিসি ২৩, আর্থিকভাবে কমজোর প্রার্থী ৯ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ৩)। সিনিয়র ম্যানেজার - ফিনান্স (স্কেল-III) (পোস্ট কোড ১১): শূন্যপদ ২০টি (অসং ৭, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ওবিসি ৫, আর্থিকভাবে কমজোর প্রার্থী ৩ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ১)। ম্যানেজার - ফিনান্স (স্কেল-II) (পোস্ট কোড ১২): শূন্যপদ ৮০টি (অসং ২৯, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৭, ওবিসি ২৩, আর্থিকভাবে কমজোর প্রার্থী ৯ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ৩)। সিনিয়র ম্যানেজার - ফিনান্সিয়াল অ্যানালিস্ট (স্কেল-III) (পোস্ট কোড ১৩): শূন্যপদ ১০টি (অসং ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ২, আর্থিকভাবে কমজোর প্রার্থী ১ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ১)। ম্যানেজার - ফিনান্সিয়াল অ্যানালিস্ট (স্কেল-II) (পোস্ট কোড ১৪): শূন্যপদ ৪০টি (অসং ১৬, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ওবিসি ১০, আর্থিকভাবে কমজোর প্রার্থী ৫ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ১)। সিনিয়র ম্যানেজার - মডেল ভ্যালিডেটর (স্কেল-III) (পোস্ট কোড ১৫): শূন্যপদ ৪টি (অসং ২, তঃজাঃ ১, ওবিসি ১)। সিনিয়র ম্যানেজার - আইটি রিস্ক ম্যনেজমেন্ট (স্কেল-II) (পোস্ট কোড ১৬): শূন্যপদ ১টি (অসং)। সিনিয়র ম্যানেজার - ডাটা অ্যানালিস্ট (স্কেল-III) (পোস্ট কোড ১৭): শূন্যপদ ২টি (অসং ১, ওবিসি ১)। সিনিয়র ম্যানেজার - রিস্ক ম্যানেজমেন্ট (স্কেল-III) (পোস্ট কোড ১৮): শূন্যপদ ৬টি (অসং ৩, তঃজাঃ ১, ওবিসি ২)। সিনিয়র ম্যানেজার - ক্লাইমেট রিস্ক (স্কেল-III) (পোস্ট কোড ১৯): শূন্যপদ ২টি (অসং ১, ওবিসি ১)। সিনিয়র ম্যানেজার - ফোরেক্স ডিলার (স্কেল-III) (পোস্ট কোড ২০): শূন্যপদ ৪টি (অসং ২, তঃজাঃ ১, ওবিসি ১)। সিনিয়র ম্যানেজার - ফোরেক্স ডিলার (ক্রস-কারেন্সি) (স্কেল-III) (পোস্ট কোড ২১): শূন্যপদ ১টি (অসং)। সিনিয়র ম্যানেজার - ডোমেস্টিক ডিলার - রুপি ডেরিভেটিভস (স্কেল-III) (পোস্ট কোড ২২): শূন্যপদ ১টি (অসং)। সিনিয়র ম্যানেজার - ডোমেস্টিক ডিলার - ইকুইটি/ এমএফ (স্কেল-III) (পোস্ট কোড ২৩): শূন্যপদ ১টি (অসং)। সিনিয়র ম্যানেজার - ডোমেস্টিক ডিলার - এনএসএলআর (স্কেল-III) (পোস্ট কোড ২৪): শূন্যপদ ১টি (ওবিসি)। সিনিয়র ম্যানেজার - ডোমেস্টিক ডিলার - এসএলআর (স্কেল-III) (পোস্ট কোড ২৫): শূন্যপদ ২টি (অসং ১, ওবিসি ১)। ম্যানেজার - ওয়েলথ ম্যানেজমেন্ট (স্কেল-II) (পোস্ট কোড ২৬): শূন্যপদ ৫টি (অসং ৩, তঃজাঃ ১, ওবিসি ১)। ম্যানেজার - এইচআর (স্কেল-II) (পোস্ট কোড ২৭): শূন্যপদ ১০টি (অসং ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ৩, আর্থিকভাবে কমজোর প্রার্থী ১ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ১)। ম্যানেজার - মার্কেটিং (স্কেল-II) (পোস্ট কোড ২৮): শূন্যপদ ১০টি (অসং ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ৩, আর্থিকভাবে কমজোর প্রার্থী ১ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ১)। অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার - সিকিউরিটি (স্কেল-I) (পোস্ট কোড ২৯): শূন্যপদ ১০টি (অসং ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ৩, আর্থিকভাবে কমজোর প্রার্থী ১)। অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার - সিভিল ইঞ্জিনিয়ার (স্কেল-I) (পোস্ট কোড ৩০): শূন্যপদ ৪টি (অসং ২, তঃজাঃ ১, ওবিসি ১)। অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার - আর্কিটেক্ট (স্কেল-I) (পোস্ট কোড ৩১): শূন্যপদ ১টি (অসং)।

পদ অনুযায়ী বয়স হতে হবে ২৩ থেকে ৩৩ বছর/ ২৪ থেকে ৩৪ বছর/ ২৬ থেকে ৩৬ বছর/ ২৭ থেকে ৩৭ বছর/ ২৫ থেকে ৩৭ বছর/ ২৫ থেকে ৩৫ বছর/ ২৫ থেকে ৩১ বছর/ ৩০ থেকে ৪৫ বছর এবং ২২ থেকে ৩২ বছরের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, সাধাঃ-প্রতিবন্ধীরা ১০ বছের এবং অন্যান্যরা নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

ইনফর্মেশন টেকনোলজি বিভাগের স্পেশ্যালিস্টদের - ক) কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার অ্যাপ্লিকেশন্স/ ইনফর্মেশন টেকনোলজি/ ইলেক্ট্রনিক্স/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন্স/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন -এর একটির ৪ বছরের ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি ডিগ্রিধারী হতে হবে। অথবা খ) ইলেক্ট্রনিক্স/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন/ কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার অ্যাপ্লিকেশন্স/ ইনফর্মেশন টেকনোলজি -এর একটির পোস্টি-গ্র্যাজুয়েট ডিগ্রিধারী হতে হবে। অথবা গ) গ্র্যাজুয়েট প্রার্থীদের ন্যাশনাল ইনস্টিটিউট অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি -র 'বি' লেভেল (যা আগে DOEACC 'B' Level নামে পরিচিত ছিল) পাশ হতে হবে। পদ অনুযায়ী কি কি বাধ্যতামূলক সার্টিফিকেশন, কত বছরের সংশ্লিষ্ট অভিজ্ঞতা, কি কি বিষয়ে জ্ঞান থাকতে হবে এবং বাঞ্ছনীয় যোগ্যতা সম্পর্কে তথ্য পাবেন ওয়েবসাইটে। অ্যাকাউন্টস বিভাগের স্পেশ্যালিস্টদের - আইসিএআই; পদ অনুযায়ী ক্রেডিট বিভাগের স্পেশ্যালিস্টদের - যে কোনও শাখার গ্র্যাজুয়েট এবং ২ বছরের পুরো সময়ের এমবিএ (ফিনান্স) বা এমএমএস (ফিনান্স)/ যে কোনও শাখার গ্র্যাজুয়েট এবং পিজিডিবিএ বা পিজিডিবিএম/ আইসিএআই বা আইসিএমএ বা সিএফএ হতে হবে। রিস্ক ম্যানেজমেন্ট বিভাগের স্পেশ্যালিস্টদের পদ অনুযায়ী - সিএ/ সিএফএ বা ম্যাথমেটিক্স কিংবা স্ট্যাটিস্টিক্সের পুরো সময়ের রেগুলার মাস্টার্স ডিগ্রিধারী; নির্ধারিত বিষয়ের বি.ই. বা বি.টেক. এমসিএ বা এম.এসসি. কিংবা এমএস ডিগ্রিধারী; সিএ বা নির্ধারিত বিষয়ের ব্যাচেলর্স বা মাস্টার্স ডিগ্রিধারী;সিএ বা নির্ধারিত বিষয়ের ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট কিংবা মাস্টার্স ডিগ্রিধারী বা পুরো সময়ের এমবিএ ইত্যাদি ডিগ্রিধারী হতে হবে। ফোরেক্স/ ট্রেড ফিনান্স ও ট্রেজারি স্পেশ্যালিস্টদের পদ অনুযায়ী - গ্র্যাজুয়েট ডিগ্রিধারী; গ্র্যাজুয়েট ডিগ্রি এবং নির্ধারিত বিষয়ের ২ বছরের পুরো সময়ের ডিগ্রিধারী হতে হবে। এইচআর বিভাগের স্পেশ্যালিস্টদের পদ অনুযায়ী - গ্র্যাজুয়েট এবং নির্ধারিত বিষয়ে ২ বছরের পুরো সময়ের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রিধারী হতে হবে। সিকিউরিটি বিভাগের স্পেশ্যালিস্টদের পদ অনুযায়ী - গ্র্যাজুয়েট এবং ৩ মাসের কম্পিউটার কোর্স সার্টিফিকেশন/ গ্র্যাজুয়েশন স্তরে আইটি বা সংশ্লিষ্ট পেপারে অন্যতম বিষয় হিসেবে নিয়ে পড়ে থাকতে হবে। এস্টেট বিভাগের স্পেশ্যালিস্টদের পদ অনুযায়ী - সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ব্যাচেলর ডিগ্রিধারী বা আর্কিটেকচারের পুরো সময়ের ব্যাচেলর ডিগ্রিধারী হতে হবে। ওপরে বলা প্রতিটি পদের জন্য প্রয়োজনীয় সার্টিফিকেশন, সংশ্লিষ্ট অভিজ্ঞতা, বাঞ্ছনীয় যোগ্যতা, কাজের দায়িত্ব, ইত্যদির সম্পর্কে বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

আবেদনপত্রের সংখ্যার ওপর ভিত্তি করে প্রার্থিবাছাই হবে দরখাস্ত বাছাই ও পরবর্তীতে ইন্টারভিউ; অথবা লিখিত পরীক্ষা/ অনলাইন টেস্ট ও পরবর্তীতে ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত/ অনলাইন পরীক্ষায় থাকবে ইংলিশ ল্যাঙ্গোয়েজের ২০টি প্রশ্ন (২০ নম্বর, সময় ২০ মিনিট), (নিজ নিজ কাজ বা বিষয়ের ক্ষেত্র) পেশাদারি জ্ঞানের ৬০টি প্রশ্ন (১২০ নম্বর, সময় ৬০ মিনিট), রিজনিংয়ের ২০টি প্রশ্ন (২০ নম্বর, সময় ২০ মিনিট) এবং কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউডের ২০টি প্রশ্ন (২০ নম্বর, সময় ২০ মিনিট)। ইংলিশ ল্যাঙ্গোয়েজ ছাড়া বাকি সব প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। প্রতিটি ভুল উত্তরের জন্য কাটা যাবে বরাদ্দ নম্বরের ১/৪ ভাগ নম্বর। লিখিত পরীক্ষায় সফলদের মধ্যে থেকে অসংরক্ষিত প্রার্থীদের ক্ষেত্রে শূন্যপদের ৩ গুণ এবং সংরক্ষিত প্রার্থীদর ক্ষেত্রে শূন্যপদের ৫ গুণ প্রার্থীকে ইন্টারভিউয়ে ডাকা হবে। মোট ১০০ নম্বরের ইন্টারভি হবে। সফল হতে অসং/ ইডব্লিউএস প্রার্থীদের অন্তত ৪০ শতাংশ এবং সংরক্ষিত শ্রেণি প্রার্থীদের অন্তত ৩৫ শতাংশ নম্বর পেতে হবে। লিখিত/ অনলাই টেস্ট এবং ইন্টারভিউয়ে ওয়েটেজ থাকবে ৮০:২০।

পরীক্ষা/ সাক্ষাৎকারের কললেটার পাবেন শুধুমাত্র ই-মেইল বা ব্যাংকের ওয়েবসাইটে। রেজিস্ট্রেশন/ রোল নম্বর এবং পাসওয়ার্ড/ জন্মতারিখ দিয়ে ব্যাংকের ওয়েবসাইট থেকে কললেটার ডাউনলোড করতে হবে। কল লেটার/ ইনফর্মেশন হ্যান্ডআউটের হার্ড কপি ডাকে বা কুরিয়ারে পাঠানো হবে না। পরীক্ষা হবে দেশের বিভিন্ন কেন্দ্রের বিভিন্ন ভেন্যুতে। পরীক্ষা/ সাক্ষাৎকারের কেন্দ্রে পরিবর্তনের কোনও আবেদন গ্রাহ্য হবে না। পশ্চিবঙ্গের- কলকাতা, শিলিগুড়ি, আসানসোল, কল্যাণী, দুর্গাপুর এবং বর্ধমান;ত্রিপুরার-আগরতলা; আন্দামান ও নিকোবরের-পোর্টব্লেয়ার; আসামের- গুয়াহাটি, ডিব্রুগড়, জোরহাট, তেজপুর, শিলচর এবং শিলং; ওড়িশার- ভুবনেশ্বর, সম্বলপুর, বেরহামপুর - গঞ্জাম, কটক এবং রৌড়কেলা সহ দেশের বিভিন্ন রাজ্যের পরীক্ষাকেন্দ্রগুলিতে পরীক্ষা হবে। ব্যাঙ্ক নির্ধারিত পদ্ধতি অনুযায়ী অনলাইন বা সরাসরি সাক্ষাৎকার হবে চেন্নাই বা অন্য কোনও কেন্দ্রে।

স্কেল-I পদের মাইনে ৪৮,৪৮০ - ৮৫,৯২০ টাকা। স্কেল-II পদের মাইনে ৬৪,৮২০ - ৯৩,৯৬০ টাকা। স্কেল-III পদের মাইনে ৮৫,৯২০ - ১,০৫,২৮০ টাকা।

আবেদন করবেন শুধুমাত্র একটি পদে www.indianbank.bank.in ওয়েবসাইটের 'কেরিয়ার' পেজে Recruitment of Specialist Officers - 2026 -এ ক্লিক করে ২৮ এপ্রিলের মধ্যে। অনলাইন আবেদনের পদ্ধতি পাবেন ওয়েবসাইটে। একাধিক আবেদন করলে কেবলমাত্র সর্বশেষ বৈধ আবেদনপত্রটি গ্রাহ্য হবে অন্যান্য আবেদনের জন্য দেওয়া আবেদনের ফি/ ইন্টিমেশন চার্জ বাজেয়াপ্ত হবে। ব্যাঙ্ক চাইলে, যে পদের জন্য আবেদন করেছেন, সেই পদ ছাড়া (যদি প্রার্থীর যোগ্যতা থাকে তাহলে) বিজ্ঞাপনে প্রকাশিত অন্য কোনও পদের জন্য বিবেচনা করতে পারে এবং এক্ষেত্রে ব্যাঙ্কের সিদ্ধান্তই চূড়ান্ত। অনলাইন আবেদন করার সময় এখনকার তোলা রঙিন ছবি, সই, বাম হাতের বুড়ো আঙুলের ছাপ, নিজের হাতে লেখা ঘোষণাপত্রের ছবি, ইত্যাদির স্ক্যান আপলোড করতে হবে। দরখাস্তের পদ্ধতি সহ আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

## ৩৭ ইয়ং প্রফেশনাল

*১ পাতার পর ..........*

নাগরিক নীচের মতো যোগ্যতা থাকলে আবেদন করতে পারেন।

কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট শাখায়: মোট শূন্যপদ ১০টি। এরমধ্যে থেকে অ্যাসোসিয়েট ৪টি, সিনিয়র অ্যাসোসিয়েট ৪টি, কনসাল্ট্যান্ট ২টি। স্বীকৃত আইআইটি/ এনআইটি থেকে কনস্ট্রাকশন ম্যানেজমেন্টের মাস্টার ডিগ্রি পাশরা ইঞ্জিনিয়ারিং ক্যাটেগরিতে সর্বশেষ ন্যাশনাল ইনস্টিটিউশনাল র‍্যাঙ্কিং ফ্রেমওয়ার্কে ১০০ পর্যন্ত র‍্যাঙ্কিং পেয়ে থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ০-২ বছরের, সিনিয়র অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ২-৯ বছরের ও কনসাল্ট্যান্ট পদের ক্ষেত্রে ৯-১৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ১১-৩-২০২৬ তারিখের হিসেবে অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে, সিনিয়র অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৪০ বছরের মধ্যে ও কনসাল্ট্যান্ট পদের ক্ষেত্রে ৪৫ বছরের মধ্যে।

টেকনিক্যাল শাখায়: মোট শূন্যপদ ১০টি। এরমধ্যে থেকে অ্যাসোসিয়েট ৪টি, সিনিয়র অ্যাসোসিয়েট ৪টি, কনসাল্ট্যান্ট ২টি। স্বীকৃত আইআইটি/ এনআইটি থেকে স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং/ ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ারিং/ আন্ডার গ্রাউন্ড কনস্ট্রাকশন/ টানেল ইঞ্জিনিয়ারিংয়ে স্পেশ্যালাইজেশন সহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের মাস্টার ডিগ্রি পাশরা অথবা জিওলজি/ জিও-টেকনিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের মাস্টার ডিগ্রি পাশরা ইঞ্জিনিয়ারিং ক্যাটেগরিতে সর্বশেষ ন্যাশনাল ইনস্টিটিউশনাল র‍্যাঙ্কিং ফ্রেমওয়ার্কে ১০০ পর্যন্ত র‍্যাঙ্কিং পেয়ে থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে সংশ্লিষ্ট

*........ এরপর ৬ পাতায়*

## ৭৮ জুনিয়র এক্সিকিউটিভ

*৫ পাতার পর ..........*

ক্ষেত্রে অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ০-২ বছরের, সিনিয়র অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ২-৯ বছরের ও কনসাল্ট্যান্ট পদের ক্ষেত্রে ৯-১৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ১১-৩-২০২৬ তারিখের হিসেবে অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে, সিনিয়র অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৪০ বছরের মধ্যে ও কনসাল্ট্যান্ট পদের ক্ষেত্রে ৪৫ বছরের মধ্যে।

হিউম্যান রিসোর্স শাখায়: মোট শূন্যপদ ৪টি। এরমধ্যে থেকে অ্যাসোসিয়েট ২টি, সিনিয়র অ্যাসোসিয়েট ২টি। হিউম্যান রিসোর্সের এমবিএ ডিগ্রি পাশরা ম্যানেজমেন্ট ক্যাটেগরিতে সর্বশেষ ন্যাশনাল ইনস্টিটিউশনাল র‍্যাঙ্কিং ফ্রেমওয়ার্কে ১০০ পর্যন্ত র‍্যাঙ্কিং পেয়ে থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ০-২ বছরের, সিনিয়র অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ২-৯ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ১১-৩-২০২৬ তারিখের হিসেবে অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে, সিনিয়র অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৪০ বছরের মধ্যে।

ফিনান্স শাখায়: মোট শূন্যপদ ৭টি। এরমধ্যে থেকে অ্যাসোসিয়েট ৪টি, সিনিয়র অ্যাসোসিয়েট ২টি, কনসাল্ট্যান্ট ১টি। কমার্সের ব্যাচেলর ডিগ্রি/ সিএ/ সিএমএ ডিগ্রি পাশরা অথবা ফিনান্সের ২ বছরের পুরো সময়ের এমবিএ ডিগ্রি পাশরা ম্যানেজমেন্ট ক্যাটেগরিতে সর্বশেষ ন্যাশনাল ইনস্টিটিউশনাল র‍্যাঙ্কিং ফ্রেমওয়ার্কে ১০০ পর্যন্ত র‍্যাঙ্কিং পেয়ে থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ০-২ বছরের, সিনিয়র অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ২-৯ বছরের ও কনসাল্ট্যান্ট পদের ক্ষেত্রে ৯-১৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ১১-৩-২০২৬ তারিখের হিসেবে অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে, সিনিয়র অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৪০ বছরের মধ্যে ও কনসাল্ট্যান্ট পদের ক্ষেত্রে ৪৫ বছরের মধ্যে।

লিগাল শাখায়: মোট শূন্যপদ ৩টি। এরমধ্যে থেকে অ্যাসোসিয়েট ২টি, সিনিয়র অ্যাসোসিয়েট ১টি। ন্যাশনাল ল স্কুল থেকে এলএলবি/ এলএলএম অথবা আইনের গ্র্যাজুয়েট/ পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি পাশরা ম্যানেজমেন্ট ক্যাটেগরিতে সর্বশেষ ন্যাশনাল ইনস্টিটিউশনাল র‍্যাঙ্কিং ফ্রেমওয়ার্কে ৩০ পর্যন্ত র‍্যাঙ্কিং পেয়ে থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ০-২ বছরের, সিনিয়র অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ২-৯ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ১১-৩-২০২৬ তারিখের হিসেবে অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে, সিনিয়র অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৪০ বছরের মধ্যে।

ইনফর্মেশন টেকনোলজি শাখায়: মোট শূন্যপদ ৩টি। এরমধ্যে থেকে অ্যাসোসিয়েট ২টি, সিনিয়র অ্যাসোসিয়েট ১টি। স্বীকৃত আইআইটি/ এনআইটি থেকে কম্পিউটার সায়েন্স/ ইনফর্মেশন টেকনোলজি/ নেটওয়ার্ক/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের বি ই/ বি টেক ডিগ্রি পাশরা অথবা সাইবার সিকিউরিটি/ নেটওয়ার্ক ম্যানেজমেন্টের এম টেক ডিগ্রি পাশরা অথবা বি টেক ডিগ্রি পাশরা এমবিএ পাশ করে থাকলে এবং ইঞ্জিনিয়ারিং/ ম্যানেজমেন্ট ক্যাটেগরিতে সর্বশেষ ন্যাশনাল ইনস্টিটিউশনাল র‍্যাঙ্কিং ফ্রেমওয়ার্কে ১০০ পর্যন্ত র‍্যাঙ্কিং পেয়ে থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ০-২ বছরের, সিনিয়র অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ২-৯ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ১১-৩-২০২৬ তারিখের হিসেবে অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে, সিনিয়র অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৪০ বছরের মধ্যে।

মাইনে অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে মাসে ৭০,০০০ - ৮০,০০০ টাকা, সিনিয়র অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৮০,০০০ - ১,৫০,০০০ টাকা এবং কনসাল্ট্যান্ট পদের ক্ষেত্রে ১,৫০,০০০ - ২,৭৫,০০০ টাকা। সঙ্গে অন্যান্য ভাতা ও সুযোগ-সুবিধা।

প্রার্থীবাছাই হবে লিখিত পরীক্ষা, পার্সোনাল ইন্টারভিউ ও গ্রুপ ডিসকাশনের মাধ্যমে। এরপর হবে নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষা। নথিপত্র যাচাইয়ে সময় প্রমাণপত্রের মূলগুলি সঙ্গে নিয়ে যাবেন।

আবেদন করবেন অনলাইনে https://www.nhidcl.com/ ওয়েবসাইটের মাধ্যমে, ১৪ এপ্রিলের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি, সই ও অন্যান্য নথিপত্র স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। তখন পাবেন রেজিস্ট্রেশন আইডি ও পাসওয়ার্ড। এগুলি যত্ন করে লিখে রাখবেন। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং: 04/2026. আরও তথ্য পাবেন ওপরে বলা ওয়েবসাইটে।

## ২৩ ম্যানেজার

*১ পাতার পর ..........*

( অসং ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ওবিসি (এনসিএল) ৪, আর্থিকভাবে কমজোর প্রার্থী ২ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ১, প্রাঃসংকঃ ২)। অন্তত ৬০ শতাংশ নম্বর নিয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয় / প্রতিষ্ঠান থেকে পাশ করা বাণিজ্য শাখার ৩ বছরের স্নাতক ডিগ্রি হতে হবে। সঙ্গে ভারতীয় চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস ইনস্টিটিউট / ভারতীয় কস্ট অ্যাকাউন্ট্যান্টস ইনস্টিটিউট থেকে ইন্টারমিডিয়েট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মেডিক্যাল ক্যাটেগরি হতে হবে C1.মাইনে ২১,০০০ - ৭৪,০০০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (E1 লেভেল) (পোস্ট কোড ০২): শূন্যপদ ৭টি ( অসং ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি (এনসিএল) ২, আর্থিকভাবে কমজোর প্রার্থী ১ এবং এসবের মধ্যে থেকে প্রাঃসংকঃ ১)। অন্তত ৬০ শতাংশ নম্বর নিয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয় / প্রতিষ্ঠান থেকে পাশ করা বাণিজ্য শাখার ৩ বছরের স্নাতক ডিগ্রি হতে হবে। সঙ্গে ভারতীয় চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস ইনস্টিটিউট / ভারতীয় কস্ট অ্যাকাউন্ট্যান্টস ইনস্টিটিউট থেকে সিএ/ সিএমএ যোগ্যতা সম্পন্ন হতে হবে। অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় / প্রতিষ্ঠান থেকে ২ বছরের রেগুলার এমবিএ (ফাইনান্স)/ ম্যানেজমেন্ট (ফাইনান্স) -এ পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমাধারী হতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মেডিক্যাল ক্যাটেগরি হতে হবে C1.মাইনে ৪০,০০০ - ১,৪০,০০০ টাকা।

ওপরে বলা পদ দুটির তফশিলিরা প্রার্থীরা ৫, ওবিসি প্রার্থীরা ৩, সাধাঃ-প্রতিবন্ধীরা ১০, তফশিলি-প্রতিবন্ধীরা ১৫, ওবিসি-প্রতিবন্ধীরা ১৩ বছর এবং অন্যান্যরা নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

সরকারি / আধা-সরকারি / পাবলিক সেক্টর আন্ডারটেকিং/ স্বায়ত্তশাসিত সংস্থায় রেগুলারে কর্মরত প্রার্থীদের প্রমাণপত্র যাচাইয়ের সময় বর্তমান নিয়োগকর্তার কাছ থেকে নেওয়া “নো অবজেকশন সার্টিফিকেট (NOC)” জমা দিতে হবে। অন্যথায় আবেদন বাতিল হতে পারে। তবে ওপরের পদ দুটিতে IR-FC-এর নিয়মিত কর্মচারীরা আবেদন করলে তাঁদের, “নো অবজেকশন সার্টিফিকেট” জমা দেওয়ার প্রয়োজন নেই।

পোস্ট কোড ০১ পদের ক্ষেত্রে প্রার্থিবাছাই হবে কম্পিউটার বেসড টেস্ট, প্রমাণপত্র যাচাই এবং মেডিক্যাল টেস্টের মাধ্যমে। অন্যদিকে, পোস্ট কোড ০২ পদের ক্ষেত্রে প্রার্থিবাছাই হবে কম্পিউটার বেসড টেস্ট, প্রমাণপত্র যাচাই, সাক্ষাৎকার (ইন্টারভিউ) এবং মেডিক্যাল টেস্টের মাধ্যমে। এক-ধাপের কম্পিউটার বেসড টেস্টের ২টি পার্ট (পার্ট-এ এবং পার্ট-বি)। সিবিটি-র পার্ট-এ এবং বি -তে থাকবে ১০০টি মাল্টিপল চয়েস প্রশ্ন। প্রতি প্রশ্নে ১ নম্বর। উত্তরের জন্য সময় পাবেন ৯০ (স্ক্রাইব নেওয়া প্রতিবন্ধী হলে ১২০) মিনিট। প্রতিটি ভুল উত্তরের জন্য কাটা যাবে ১/৪ নম্বর।

উভয় পদের জন্য সিবিটি-র পার্ট-এ -তে থাকবে মোট ৫০টি প্রশ্ন। এরমধ্যে- ম্যাথমেটিক্স/ নিউমেরিক্যাল এবিলিটির ২০টি, জেনারেল অ্যাওয়্যারনেসের ১০টি, লজিক্যাল রিজনিং/ জেনারেল ইন্টেলিজেন্স -এর ১০টি এবং রেলওয়ে সম্বন্ধে জ্ঞান/ আইআরএফসি সম্পর্কিত জ্ঞানের ১০টি। অন্যদিকে, (ক) অ্যাসিস্ট্যান্ট (NE5 লেভেল) পদের জন্য সিবিটি-র পার্ট-বি -তে থাকবে- কর্পোরেট অ্যাকাউন্টিং, ইনকাম ট্যাক্স ল-জ অ্যান্ড প্র্যাক্টিস, ইন্ডাইরেক্ট ট্যাক্স ল-জ, কস্ট অ্যাকাউন্টিং, কম্পিউটার অ্যাপ্লিকেশন ইন বিজনেস, ম্যানেজমেন্ট প্রিন্সিপলস অ্যান্ড অ্যাপ্লিকেশন্স, ফান্ডামেন্টালস অব ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট, অডিটিং অ্যান্ড কর্পোরেট গভার্নস, ফিনান্সিয়াল রিপোর্টিং অ্যান্ড অ্যানালিসিস, প্রজেক্ট ম্যানেজমেন্ট, ই-ফাইলিং অব রিটার্নস, ব্যাঙ্কি অ্যান্ড ইনসিওরেন্স, ইত্যাদির প্রশ্ন। ৫০ নম্বর। (খ) অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (E1 লেভেল) পদের জন্য সিবিটি-র পার্ট-বি -তে থাকবে- অ্যাকাউন্টিং এবং IND AS স্ট্যান্ডার্ডস, ফিনান্সিয়াল রিপোর্টিং, স্ট্র্যাটেজিক ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট, অডিটিং, প্রোফেশনাল এথিক্স, তস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্টিং, কর্পোরেট অ্যান্ড ইকনমিক ল-জ, ডাইরেক্ট ট্যাক্স ল-জ, ইন্টারপ্রাইজ ইনফমেশন সিস্টেমস, রিস্ক ম্যানেজমেন্ট, ফিনান্সিয়াল সার্ভিসেস অ্যান্ড ক্যাপিটাল মার্কেটস, কম্পিউটার অ্যাপ্লিকেশন ইন বিজনেস, ই-ফাইলিং অব রিটার্নস, ইত্যাদির প্রশ্ন। ৫০ নম্বর। প্রশ্ন হবে ইংরিজি এবং হিন্দিতে। পরীক্ষায় সফল হতে অসংরক্ষিত/ আর্থিকভাবে কমজোর প্রার্থী -দের পেতে হবে অন্তত ৪০ শতাংশ নম্বর, তফশিলি জাতি/ ওবিসি প্রার্থীদের অন্তত ৩০ শতাংশ নম্বর এবং তফশিলি উপজাতি প্রার্থীদের অন্তত ২৫ শতাংশ নম্বর। কম্পিউটার বেসড টেস্ট হতে পারে জুন মাসে।

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার/ ফিনান্স (পোস্ট কোড ০২) পদের ক্ষেত্রে CBT-এর মেধা এবং প্রচলিত সংরক্ষণ বিধির ভিত্তিতে, শূন্যপদের ৩ গুণ প্রার্থীকে সাক্ষাৎকারে ডাকা হবে। সিবিটির নম্বরের ওপর ৮০% এবং সাক্ষাৎকারের নম্বরের ওপর ২০% গুরুত্ব দিয়ে চূড়ান্ত মেধা তালিকা প্রস্তুত করা হবে। প্রমাণপত্র যাচাই/ প্যানেল প্রস্তুতকরণ (চূড়ান্ত ফলাফল)-এর ক্ষেত্রে, যদি একাধিক প্রার্থীর প্রাপ্ত নম্বরের একই হয় তাহলে, ১) বেশি বয়সের ভিত্তিতে, ২) নামের অদ্যক্ষরের ভিত্তিতে তা সমাধান করা হবে।

কম্পিউচার বেসড টেস্টের ফলাফলের ওপর ভিত্তি করে, পোস্ট কোড ০১ পদের ক্ষেত্রে শূন্যপদের সমসংখ্যক প্রার্থীকে প্রমাণপত্র যাচাইয়ের জন্য ডাকা হবে। পোস্ট কোড ০২ পদের ক্ষেত্রে কম্পিউচার বেসড টেস্টের ফলাফল এবং সংরক্ষণের নিয়ম অনুযায়ী শূন্যপদের ৩ গুণ প্রার্থীকে প্রমাণপত্র যাচাইয়ের এবং সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। এই সম্পর্কে আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে। প্রমাণপত্র যাচাইয়ের সময় জন্ম তারিখের প্রমাণ হিসেবে মাধ্যমিক/ সমতুলের সার্টিফিকেট ও মার্কশিট, তফশিলি/ ওবিসি/ ইডব্লিউএস/ প্রতিবন্ধী/ প্রাঃসংকঃ ইত্যাদি সার্টিফেকট, ওবিসি সার্টিফিকেট, ইডব্লিউএস প্রার্থীদের ক্ষেত্রে ইনকাম ও অ্যাসেট সার্টিফিকেট, বিশ্ববিদ্যালয়/ ইনস্টিটিউট/ বোর্ডের ফাইনাল সার্টিফিকেট, সব সেমিস্টার/ বছরের মার্কশিট, CGPA/ OGPA/ CPI/ DGPA or letter grade পেয়ে থাকলে শতাংশ রূপান্তরের সূত্র, প্রভিশনাল ডিগ্রি/ মার্কসিট থাকলে কলেজ/ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দেওয়া সই ও স্ট্যাম্প করা প্রভিশনাল ডিগ্রি সার্টিফিকেট, প্রাঃসংকঃ -দের ডিসচার্জ সার্টিফিকেট/ NOC, প্রতিবন্ধকতা সার্টিফিকেট ইত্যাদির মূলগুলি সঙ্গে নিয়ে যেতে হবে।

সিবিটি হবে কলকাতা, দিল্লি/ এনসিআর, মুম্বই এবং চেন্নাই শহরে। নিজের পছন্দের ৩টি 'পরীক্ষা শহরের' নাম উল্লেখ করতে হবে। তারিখ, পরীক্ষাকেন্দ্র ও শিফট -এর পরিবর্তন হবে না। উভয়পদের প্রার্থীকেই পরীক্ষার ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা।

পরীক্ষার/ আবেদনের ফি ৫০০ টাকা। সঙ্গে প্রযোজ্য চার্জ অতিরিক্ত। আবেদনের ফি দিতে হবে ১ মে, ২০২৬ তারিখের মধ্যে।

অনলাইন রেজিস্ট্রেশন ফর্ম রেজিস্ট্রেশন এবং সাবমিট করবেন https://irfc.co.in ওয়েবসাইটের 'কেরিয়ার' সেকশনে গিয়ে, ০১ মে, ২০২৬ তারিখের মধ্যে। এরজন্য

*......... এরপর ৭ পাতায়*

## ২৩ ম্যানেজার

৬ পাতার পর ..........

প্রার্থীর একটি বৈধ ই-মেইল আইডি এবং মোবাইল নম্বর থাকা চাই। নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ না হওয়া পর্যন্ত এগুলি সক্রিয় থাকা চাই। আবেদন করার আগে নিজের যোগ্যতা সম্পর্কে নিশ্চিত হয়ে নেবেন। রেজিস্ট্রেশন নম্বর, পাসওয়ার্ড, সিবিটি-র ই-অ্যাডমিট কার্ড, প্রমাণপত্র যাচাইয়ের কললেটার, ইত্যাদি পাঠানো এবং যা কিছু যোগাযোগ করা হবে রেজিস্টার্ড ই-মেইল আইডি-র মাধ্যমে। নতুন তথ্য, ইত্যদির জন্য IRFC-র অফিসিয়াল ওয়েবসাইটে নিয়মিত নজর রাখবেন। অনলাইন আবেদনপত্র পূরণ করতে হবে শিক্ষাগত যোগ্যতার যাবতীয় তথ্য, কাস্ট/ ক্যাটেগরি সার্টিফিকেটের তথ্য, (প্রাঃসঃকঃ হলে) ডিসচার্জ সার্টিফিকেট এবং ছবি, সই, বুড়ো আঙুলের ছাপের স্ক্যান দিয়ে। দরখাস্ত পূরণের সম্পূর্ণ পদ্ধতি পাবেন ওয়েবসাইটে। সাবমিট করা আবেদন পত্রের প্রিন্ট নিয়ে ভবিষ্যতের জন্য নিজের কাছে রাখবেন। কোথাও পাঠাবার প্রয়োজন নেই। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং 01/2026. তারিখ ৪ এপ্রিল, ২০২৬। আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

## পোস্ট বেসিক নার্সিং

১ পাতার পর ..........

মাধ্যমে। প্রার্থী অথবা তাঁর পিতা-মাতাকে অন্তত ১০ বছর ধরে পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। এরজন্য নির্ধারিত সার্টিফিকেট অথবা নির্দিষ্ট প্রমাণপত্র দাখিল করতে হবে।

প্রশ্নপত্রে মোট ১০০টি প্রশ্ন থাকবে। সব প্রশ্নই হবে মাল্টিপল চয়েস। প্রতিটি প্রশ্নে শুধুমাত্র একটি সঠিক উত্তর সহ ৪টি উত্তর বিকল্প থাকবে। ৯০ মিনিটের পরীক্ষা। প্রশ্ন হবে শুধুমাত্র ইংরেজিতে। প্রশ্ন হবে GNM সিলেবাসের ওপর ভিত্তি করে। প্রশ্নপত্রটি ২টি পার্টে বিভক্ত। পার্ট–A -তে থাকবে অ্যানাটমি, ফিজিওলজি, সমাজবিদ্যা, মনোবিজ্ঞান, ফার্মাকোলজি, মাইক্রোবায়োলজি, পুষ্টিবিজ্ঞান, প্যাথোলজি বিষয়ে ৪০টি প্রশ্ন। পার্ট–B -তে থাকবে নার্সিং-এর ভিত্তি, মেডিক্যাল সার্জিক্যাল নার্সিং, পেডিয়াট্রিক নার্সিং, সাইকিয়াট্রিক নার্সিং, অবস্টেট্রিক্যাল নার্সিং, কমিউনিটি হেলথ নার্সিং বিষয়ে ৬০টি প্রশ্ন। প্রতিটি সঠিক উত্তরের জন্য পাবেন ১ (এক) নম্বর। প্রতিটি ভুল উত্তরের জন্য কাটা যাবে ১/৪ (২৫%) নম্বর। একাধিক বিকল্প নির্বাচন করলে (এমনকি তারমধ্যে সঠিক উত্তর থাকলেও) উত্তরটি ভুল হিসেবে গণ্য করা হবে এবং ১/৪ (২৫%) নম্বর কাটা যাবে। কোনো প্রশ্নের উত্তর না দিলে কোনও নম্বর পাবেন না। পরীক্ষা দিতে হবে OMR শিটে। তাই সঠিকভাবে চিহ্নিত করা গুরত্বপূর্ণ। এক্সাম বোর্ডের দেওয়া নীল/ কালো কালির বলপয়েন্ট পেন দিয়ে উপযুক্ত বৃত্তটি/ বাবলটি সম্পূর্ণভাবে কালো করতে হবে। একবার উত্তর চিহ্নিত করলে তা আর পরিবর্তন/ সংশোধন/ মুছে ফেলা যাবে না। প্রবেশিকা পরীক্ষার নম্বরের ভিত্তিতে মেধাতালিকা প্রস্তুত করা হবে। স্কোর ও র‍্যাঙ্ক ('GMR' জেনারেল মেরিট র‍্যাঙ্ক) সহ র‍্যাঙ্ক কার্ড দেখতে ও ডাউনলোড করতে পারবেন ওয়েবসাইট থেকে। সংরক্ষিত শ্রেণীর প্রার্থীরা পৃথক মেধাতালিকা দেখতে পারবেন। কাউন্সেলিং/ সীট বরাদ্দ/ ভর্তি প্রক্রিয়ার ক্রম নির্ধারণ করা হবে শুধুমাত্র জেনারেল মেরিট র‍্যাঙ্ক -এর ভিত্তিতে। শিক্ষাবর্ষ ২০২৬-২৭-এর সীট ম্যাট্রিক্স ঘোষণা করবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর,পশ্চিমবঙ্গ সরকার এবং WBUHS। এই সীট ম্যাট্রিক্স কাউন্সেলিং-এর আগে বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

নির্ধারিত তারিখে অ্যাডমিট কার্ড জেনারেট হলে তা ডাউনলোড করে প্রিন্ট নিয়ে রাখবেন। পরীক্ষার কেন্দ্রে অ্যাডমিট কার্ডের প্রিন্ট করা হার্ড কপি অবশ্যই সাঙ্গে নিয়ে যাবেন। পরীক্ষা হবে সল্ট লেক/ নিউ টাউনে।

ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সমিনেশন বোর্ডের ওয়েসাইটে প্রকাশিত-তালিকা ভুক্ত কোনও বোর্ড/ কাউন্সিল থেকে উচ্চমাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল স্বীকৃত কোনও ইনস্টিটিউট থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াফেরি (GNM) কোর্স পাশ হলে এবং দেশের যে কোনও স্টেট নার্সিং কাউন্সিলে রেজিস্টার্ড হলে অথবা RNRM সার্টিফিকেটধারী হলে পোস্ট বেসিক নার্সিং কোর্সের জন্য আবেদন করতে পারেন। তবে (যেখানে প্রযোজ্য) থিওরি এবং প্র্যাক্টিক্যাল দুটি পরীক্ষাতেই উত্তীর্ণ হয়ে থাকতে হবে এবং কোর্সে ভর্তির আগে ইন্টার্নশিপসহ কোর্সের যাবতীয় আবশ্যিক শর্তাবলি সম্পন্ন করে থাকতে হবে।

আবেদন করার শেষ তারিখের হিসেবে পশ্চিমবঙ্গ রাজ্য সরকারি কর্মচারীদের ক্ষেত্রে বয়সের উর্ধসীমা ৫৩ বছর; ইএসআই এবং কেন্দ্র সরকারি কর্মচারী সহ অন্যান্যদের ক্ষেত্রে বয়সের উর্ধসীমা নেই। পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের নার্সিং কর্মীদের ক্ষেত্রেআবেদন করার শেষ তারিখের হিসেবে, সরকারি চাকরিতে অন্তত ৩ বছরের নিরবচ্ছিন্ন ও নিয়মিত কাজের অভিজ্ঞতা থাকতে হবে। অন্যান্যদের অভিজ্ঞতা না থাকলেও হবে।

আবেদনের ফি ৩,০০০ টাকা। সঙ্গে ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। ফি দেবেন শুধুমাত্র নেট ব্যাংকিং/ ডেবিট কার্ড/ ক্রেডিট কার্ড/ ইউপিআই বা কিউআর কোডের সাহায্যে।

আবেদন করবেন কেবলমাত্র অনলাইনে www.wbjeeb.nic.in বা www.wbjeeb.in ওয়েবসাইটের মাধ্যমে, আবেদন করার শেষ তারিখের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি রেজিস্টার্ড মোবাইল নম্বর এবং ইমেল আইডি থাকা চাই। আবেদন করার সময় স্থায়ী ঠিকানা, শ্রেণী, প্রতিবন্ধকতার অবস্থা, ধর্ম, জাতীয়তা এবং শিক্ষাগত যোগ্যতার তথ্য দিতে হবে। এসময়ে এখনকার তোলা রঙিন ছবির (১০ থেকে ২০০ কেবি) এবং স্বাক্ষরের (৪ থেকে ৩০ কেবি) জেপিজি/ জেপিইজি ফাইল একসাথে করবেন। আবেদন প্রক্রিয়া সম্পূর্ণ হলে 'কনফার্মেশন পেজ' পাবেন। তখন পেজটি ডাউনলোড করবেন। নিজের নাম, বাবার নাম, মায়ের নাম, স্থায়ী ঠিকানা এবং জন্ম তারিখ ছাড়া অন্যান্য তথ্য সংশোধন/ পরিবর্তন করতে পারবেন "correction period" -এর মধ্যে লগইন করে তা করতে পারবেন। টোল ফ্রি হেল্পলাইন নম্বর: 1800-1234-782 (Extn. 2)। ই-মেইল আইডি: info@wbjeeb.in. আরও অনেক বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

## ৭৮ ম্যানেজমেন্ট ট্রেনি

১ পাতার পর ..........

সংশ্লিষ্ট ডিসিপ্লিনের বি ই/ বি টেক/ বিএসসি (ইঞ্জিনিয়ারিং) ডিগ্রি পাশরা আবেদন করতে পারেন। সঙ্গে কেমিক্যালের ক্ষেত্রে— কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং (CH), মেকানিক্যালের ক্ষেত্রে— মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ME), সিভিলের ক্ষেত্রে— সিভিল ইঞ্জিনিয়ারিং (CE), ইলেক্ট্রিক্যালের ক্ষেত্রে— ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (EE) বিষয়ে ২০২৬ সালের গেট পরীক্ষায় পাশ করে থাকতে হবে।

বয়স হতে হবে ১-৭-২০২৬ তারিখের হিসেবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০ (তফশিলি হলে ১৫, ওবিসি হলে ১৩) বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

শুরুতে ১ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড মাসে ৬০,০০০ টাকা এবং সঙ্গে অতিরিক্ত ১৫,০০০ টাকা যদি থাকা-খাওয়া না দেওয়া হয়। তবে যাঁরা থাকা-খাওয়া পাবেন তাঁদের ক্ষেত্রে এই অতিরিক্ত টাকা দেওয়া হবে না। সফল ট্রেনিং শেষে নিয়োগ হবে ইঞ্জিনিয়ার পদে। তখন মাইনে ৬০,০০০ - ১,৮০,০০০ টাকা। সঙ্গে অন্যান্য ভাতা ও সুযোগ-সুবিধা।

প্রার্থীবাছাইয়ের ক্ষেত্রে গেট পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তি তে প্রার্থীদের গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। এরপর হবে নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষা। নথিপত্র যাচাইয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূলগুলির সঙ্গে সেগুলির স্বপ্রত্যয়িত জেরক্স সঙ্গে নিয়ে যাবেন।

আবেদন করবেন অনলাইনে https://engineersindia.com/ ওয়েবসাইটের মাধ্যমে, ১৩ এপ্রিলের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি (৭৫ কেবি সাইজের মধ্যে), কালো কালি দিয়ে করা সই (২৫ কেবি সাইজের মধ্যে), কাস্ট সার্টিফিকেট (৫০০ কেবি সাইজের মধ্যে), শারীরিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (৫০০ কেবি সাইজের মধ্যে), আর্থিকভাবে দুর্বল সার্টিফিকেট (৫০০ কেবি সাইজের মধ্যে), উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া পার্সেন্টেজ কনভার্সান সার্টিফিকেট (৫০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। তখন পাবেন রেজিস্ট্রেশন আইডি ও পাসওয়ার্ড। এগুলি যত্ন করে লিখে রাখবেন। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখ বেন। পরে প্রয়োজন হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং: HRD/ Rectt./Advt./2025-26/18. আরও বিস্তারিত জানতে পাবেন ওপরে বলা ওয়েবসাইটে।

# রাইটস লিমিটেডে ১৫ অ্যাসিস্ট্যান্ট নিয়োগ

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** অ্যাসিস্ট্যান্ট (হিউম্যান রিসোর্স) পদে ১৫ জনকে নিচ্ছে ভারত সরকারের অন্যতম প্রতিষ্ঠান রেল ইন্ডিয়া টেকনিক্যাল অ্যান্ড ইকনমিক সার্ভিস লিমিটেডে (RITES Ltd.)। যোগ্য পেশাদার প্রার্থীদের নিয়োগ হবে রেগুলারে। নীচের মতো যোগ্যাতার ভারতীয়রা আবেদন করতে পারেন।

অ্যাসিস্ট্যান্ট (এইচআর) (ভ্যাকান্সি নং RG/07/26): শূন্যপদ ১৫টি (অসংরিত ৮, তফশিলি জাতি ৩, তফশিলি উপজাতি ১, ওবিসি (এনসিএল) ১, আর্থিকভাবে কমজোর প্রার্থী ২ এবং এসবের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ২)। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে মোট অন্তত ৫০ (তফশিলি/ ওবিসি (এনসিএল)/ প্রতিবন্ধী প্রার্থী হলে মোট অন্তত ৪৫) শতাংশ নম্বর নিয়ে পাশ করা যে কোনও শাখার গ্র্যাজুয়েট হলে আবেদন করতে পারেন। অভিজ্ঞতা থাকার প্রয়োজন নেই। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং এই পদের জন্য যোগ্য রাইটসের রেগুলার/ চুক্তিভিত্তিক কর্মীরা বয়সের অর্ধসীমায় ৫ বছরের ছাড় পাবেন। মাইনে ২০,০০০ - ৬৬,০০০ টাকা। মাইনে সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে। চলাচলজনিত প্রতিবন্ধী, শ্রবণ প্রতিবন্ধী এবং দৃষ্টি প্রতিবন্ধীরা আবেদন করতে পারবেন। নির্ধারিত শারীরিক মানদণ্ড অনুযায়ী ডাক্তারি পরীক্ষা হবে। ডাক্তারি পরীক্ষায় সফল প্রার্থীদের নিয়োগ হবে সংস্থার নিয়ম মেনে।

প্রার্থীবাছাই হবে লিখিত পরীক্ষা (১০০ শতাংশ ওয়েটেজ) এবং/ অথবা প্রমাণপত্র যাচাইয়ের মাধ্যমে। প্যানেল ভুক্তির জন্য লিখিত পরীক্ষায় অসংরক্ষিত এবং ইডব্লিউএস প্রার্থীদের অন্তত ৫০ শতাংশ এবং তফশিলি/ ওবিসি (এনসিএল)/ প্রতিবন্ধী প্রার্থীদের অন্তত ৪৫ শতাংশ নম্বর পেতে হবে। বাছাই প্রক্রিয়াটি হতে পারে RITES-এর আঞ্চলিক অফিসগুলিতে। সংশ্লিষ্ট প্রার্থীকে এ

........ এরপর ৮ পাতায়

Domestic & International Courier Service
RUNNER EXPRESS
WORLD WIDE
ON TIME DELIVERY IS OUR MOTO
For more details Call our Toll Free No: 18008914133
Email: runnerex298@gmail.com

## রাইটস লিমিটেডে ১৫

*৭ পাতার পর ..........*

বিষয়ে জানানো হবে কললেটারের মধ্যেমে। লিখিত পরীক্ষা হবে কলকাতা,গুয়াহাটি, ভুবনেশ্বর, রাঁচি, পাটনা, দিল্লি/ গুরগাঁও,লক্ষ্ণৌ,চেন্নাই, ভিলাই, আমেদাবাদ, ব্যাঙ্গালোর, মুম্বই, হায়দরাবাদ এবং ত্রিভান্দম শহরের কেন্দ্রগুলিতে। দিল্লি/ গুরগাঁও ছাড়া বাকি পরীক্ষাকেন্দ্রগুলির পরিবর্তন হতে পারে। সঠিক তারিখ, সময় এবং ভেন্যু সংক্রান্ত সকল তথ্য প্রত্যেক প্রার্থীকে জানানো হবে। লিখিত পরীক্ষায় থাকবে ইংরিজির (৪০টি মাল্টিপল চয়েস প্রশ্ন), ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশের (৪০টি মাল্টিপল চয়েস প্রশ্ন), রিজনিং অ্যান্ড জেনারেল অ্যাওয়্যারনেসের (৪৫টি মাল্টিপল চয়েস প্রশ্ন)। সম্পূর্ণ সিলেবাস পাবেন ওয়েবসাইটে।

ফি বাবদ - সাধারণ/ ওবিসি প্রার্থীদের দিতে হবে ৩০০ টাকা। সঙ্গে প্রযোজ্য কর অতিরিক্ত। ইডব্লিউএস/ তফশিলি/ প্রতিবন্ধী প্রার্থীদের দিতে হবে ১০০ টাকা। সঙ্গে প্রযোজ্য কর অতিরিক্ত। ফি দেবেন অনলাইন আবেদন করার সময়। ফি পেমেন্ট করলে তবেই অনলাইন আবেদন প্রক্রিয়াটি সম্পূর্ণ হবে।

আবেদন করবেন অনলাইনে http://www.rites.com ওয়েবসাইটের 'কেরিয়ার সেকশন'-এ গিয়ে, ২৭ এপ্রিল, ২০২৬ তারিখের মধ্যে। আহেদন করার আগে নিজের যোগ্যতা সম্পর্কে নিশ্চিত হয়ে নেবেন। সরকারি দপ্তর / রাষ্ট্রায়ত্ত সংস্থায় রেগুলার বেসিসে কর্মরত প্রার্থীরা আবেদন করবেন সঠিক চ্যানেলের মাধ্যমে। এই ধরনের প্রার্থীদের ইটারভিউয়ের সময় 'নো অবজেকশন সার্টিফিকেট' দিতে হবে। অনলাইন আবেদন সাবমিট করলে 'রেজিস্ট্রেশন নং' জেনারেট হবে। রেজিস্ট্রেশন নম্বরটি যত্ন করে লিখে রাখবেন। পরে লগইন করার এবং সংস্থার সাথে যে কোনও যোগাযোগ করার সময় লাগবে। “Fill/ Modify Application Form” অপশনে যাবতীয় প্রয়োজনীয় তথ্য দিয়ে পূরণ করার পর “Upload Document” সেকশনে সমস্ত প্রমাণপত্র আপলোড করবেন। আপলোড করতে হবে জন্ম তারিখের প্রমাণ হিসেবে হাই স্কুল সার্টিফিকেট, দশম/ দ্বাদশ/ ডিপ্লোমা/ গ্র্যাজুয়েশন/ পোস্ট-গ্র্যাজুয়েশনের সব সেমেস্টার/ বছরের মার্কশট সহ শিক্ষাগত ও পেশাগত যোগ্যতা যাবতীয় প্রমাণপত্র, (প্রযোজ্য হলে) শতাংশ রূপান্তরের প্রমাণপত্র, (প্রযোজ্য হলে) ইডব্লিউএস/ তফশিলি/ ওবিসি/ প্রতিবন্ধী সার্টিফিকেট, ঠিকানা এবং পরিচয়ের প্রমাণ হিসেবে পাসপোর্ট/ ভোটার আইডি/ ড্রাইভিং লাইসেন্স/ আধার কার্ড ইত্যাদি, প্যান কার্ড, অভিজ্ঞতার যাবতীয় প্রমাণপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় প্রমাণপত্র। কোনও প্রমাণপত্রের হার্ড কপি কোথাও পাঠাতে হবে না। অনলাইন আবেদনপত্রের প্রিন্ট নিয়ে, নির্দিষ্ট জায়গায় সই করে নিজের কাছে রাখবেন। প্রমাণপত্র যাচাইয়ের সময় দরখাস্তের প্রিন্টআউটটির সাথে ১টি এখনকার তোলা রঙিন পাসপোর্ট ছবি, বয়সের প্রমাণপত্র, শিক্ষাগত এবং পেশাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র, কাস্ট সার্টিফিকেট, পরিচয় এবং ঠিকানার প্রমাণপত্র, অভিজ্ঞতার প্রমাণপত্র, প্রতিবন্ধকতার প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত স্ক্যানড কপি সাবমিট করতে হবে। আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

# ১,০০০ লোকাল অফিসার নিচ্ছে পাঞ্জাব ও সিন্ধ ব্যাঙ্কে

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** লোকাল ব্যাঙ্ক অফিসার পদে ১,০০০ জনকে নিচ্ছে পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্কে। নির্বাচিত প্রার্থীদের নিয়োগ হবে রেগুলার বেসিসে, জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-I পদে। এই পদে নির্বাচিত হলে যে রাজ্যে আবেদন করেছেন সেই রাজ্যের স্থানীয় ভাষায় লিখতে, পড়তে ও কথা বলতে জানতে হবে। প্রথম ১২ বছরের জন্য বা সিনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-IV পদ অবধি পদোন্নতি। প্রার্থীরা যে রাজ্যের জন্য আবেদন করবেন তাঁদের সেখানকার শুরুতে ৬ মাসের প্রবেশন।

লোকাল ব্যাঙ্ক অফিসার: শূন্যপদ ১,০০০টি। এরমধ্যে থেকে **পশ্চিমবঙ্গে:** শূন্যপদ ৩০টি (অসং ১৩, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ওবিসি ৮, আর্থিকভাবে দুর্বল ৩ এবং এদের মধ্যে থেকে শ্রবণ প্রতিবন্ধী ১)। ভাষা জানতে হবে বাংলা। **অসমে:** শূন্যপদ ৫০টি (অসং ২২, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ওবিসি ১৩, আর্থিকভাবে দুর্বল ৫ এবং এদের মধ্যে থেকে শ্রবণ প্রতিবন্ধী ১)। ভাষা জানতে হবে অসমিয়া, বোড়ো, গাড়ো। **ওড়িশায়:** শূন্যপদ ৮০টি (অসং ৩৩, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৬, ওবিসি ২১, আর্থিকভাবে দুর্বল ৮ এবং এদের মধ্যে থেকে দৃষ্টি প্রতিবন্ধী ১, অস্থি প্রতিবন্ধী ১)। ভাষা জানতে হবে ওড়িয়া। **ছত্রিশগড়ে:** শূন্যপদ ৮০টি (অসং ৩৩, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৬, ওবিসি ২১, আর্থিকভাবে দুর্বল ৮ এবং এদের মধ্যে থেকে দৃষ্টি প্রতিবন্ধী ১, শ্রবণ প্রতিবন্ধী ১, অস্থি প্রতিবন্ধী ১)। **গুজরাটে:** শূন্যপদ ১২৫টি (অসং ৫৩, তঃজাঃ ১৮, তঃউঃজাঃ ৯, ওবিসি ৩৩, আর্থিকভাবে দুর্বল ১২ এবং এদের মধ্যে থেকে দৃষ্টি প্রতিবন্ধী ১, শ্রবণ প্রতিবন্ধী ২, অস্থি প্রতিবন্ধী ১, এমডি/ আইডি ১)। **হিমাচলপ্রদেশে:** শূন্যপদ ২০টি (অসং ৯, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ওবিসি ৫, আর্থিকভাবে দুর্বল ২)। **ঝাড়খন্ডে:** শূন্যপদ ১০টি (অসং ৬, তঃজাঃ ১, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ১)। **কর্ণাটকে:** শূন্যপদ ৬০টি (অসং ২৫, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ওবিসি ১৬, আর্থিকভাবে দুর্বল ৬ এবং এদের মধ্যে থেকে দৃষ্টি প্রতিবন্ধী ১, শ্রবণ প্রতিবন্ধী ১)। **কেরলায়:** শূন্যপদ ১০টি (অসং ৬, তঃজাঃ ১, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ১)। **মধ্যপ্রদেশে:** শূন্যপদ ৬০টি (অসং ২৫, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ওবিসি ১৬, আর্থিকভাবে দুর্বল ৬ এবং এদের মধ্যে থেকে দৃষ্টি প্রতিবন্ধী ১, শ্রবণ প্রতিবন্ধী ১)। **মহারাষ্ট্রে:** শূন্যপদ ৬০টি (অসং ২৫, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ওবিসি ১৬, আর্থিকভাবে দুর্বল ৬ এবং এদের মধ্যে থেকে শ্রবণ প্রতিবন্ধী ১, অস্থি প্রতিবন্ধী ১)। **তামিলনাড়ুতে:** শূন্যপদ ৬৫টি (অসং ২৯, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ওবিসি ১৭, আর্থিকভাবে দুর্বল ৯ এবং এদের মধ্যে থেকে দৃষ্টি প্রতিবন্ধী ১, এমডি/ আইডি ১)। **তেলেঙ্গানায়:** শূন্যপদ ৩০টি (অসং ১৩, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ওবিসি ৮, আর্থিকভাবে দুর্বল ৩ এবং এদের মধ্যে থেকে অস্থি প্রতিবন্ধী ১)। **উত্তরপ্রদেশে:** শূন্যপদ ২০০টি (অসং ৮১, তঃজাঃ ৩০, তঃউঃজাঃ ১৫, ওবিসি ৫৪, আর্থিকভাবে দুর্বল ২০ এবং এদের মধ্যে থেকে দৃষ্টি প্রতিবন্ধী ২, শ্রবণ প্রতিবন্ধী ২, অস্থি প্রতিবন্ধী ২, এমডি/ আইডি ২)। **অরুণাচলপ্রদেশে:** শূন্যপদ ১৫টি (অসং ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ৪, আর্থিকভাবে দুর্বল ১)। **নাগাল্যান্ডে:** শূন্যপদ ৫টি (অসং ৪, ওবিসি ১)। **পাঞ্জাবে:** শূন্যপদ ১০০টি (অসং ৪১, তঃজাঃ ১৫, তঃউঃজাঃ ৭, ওবিসি ২৭, আর্থিকভাবে দুর্বল ১০ এবং এদের মধ্যে থেকে দৃষ্টি প্রতিবন্ধী ১, শ্রবণ প্রতিবন্ধী ১, অস্থি প্রতিবন্ধী ১, এমডি/ আইডি ১)।

সবক্ষেত্রেই বয়স হতে হবে ১-৩-২০২৬ তারিখের হিসেবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-৩-১৯৯৬ থেকে ১-৩-২০০৬-এর মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০ (তফশিলি হলে ১৫, ওবিসি হলে ১৩) বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। মাইনে ৪৮,৪৮০ – ৮৫,৯২০ টাকা। সঙ্গে অন্যান্য ভাতা ও সুযোগ-সুবিধা।

যে কোনও ডিসিপ্লিনের গ্র্যাজুয়েট পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। পাশ করার পর অফিসার হিসেবে কোনও কমার্সিয়াল ব্যাঙ্ক/ রিজিওনাল রুরাল ব্যাঙ্কে অন্তত ১৮ মাসের কাজের অভিজ্ঞতা থাকা চাই। এছাড়া যে রাজ্যের জন্য আবেদন করছেন সেই রাজ্যের স্থানীয় ভাষায় দক্ষ (পড়া, লেখা, কথা বলা এবং বোঝা) হতে হবে।

প্রার্থিবাছাই হবে প্রথমে লিখিত পরীক্ষা, স্ক্রিনিং টেস্ট, পার্সোনাল ইন্টারভিউ, লোকাল ল্যাঙ্গুয়েজ প্রফিসিয়েন্সি টেস্ট, নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষায় থাকবে ৩০ নম্বরের ইংলিশ ল্যাঙ্গুয়েজ বিষয়ের ৩০টি প্রশ্ন (সময় ৩০ মিনিট), ৪০ নম্বরের ব্যাঙ্কিং নলেজ বিষয়ের ৪০টি প্রশ্ন (সময় ৪০ মিনিট), ৩০ নম্বরের জেনারেল অ্যাওয়ারনেস/ ইকনমি বিষয়ের ৩০টি প্রশ্ন (সময় ৩০ মিনিট), ২০ নম্বরের কম্পিউটার অ্যাপ্টিটিউড বিষয়ের ২০টি প্রশ্ন (সময় ২০ মিনিট)। পরীক্ষা হবে পশ্চিমবঙ্গের— কলকাতা, শিলিগুড়ি, আসানসোল, কল্যাণী, হুগলি। অসমের— গুয়াহাটি, ডিব্রুগড়, জোরহাট, শিলচর। ত্রিপুরার— আগরতলা। অন্ধ্রপ্রদেশের— বিশাখাপত্তনম, বিজয়ওয়াড়া/ গুন্টুর, কার্নোল, কাদাপা, রাজমুন্দ্রি। অরুণাচলপ্রদেশের— নাহারলাগুন। বিহারের— পাটনা, মুজফফরপুর, পুর্নিয়া, গয়া। চণ্ডীগড়ের— মোহালি। ছত্রিশগড়ের— রাইপুর, ভিলাইনিনগর। নিউদিল্লির— দিল্লি/ দিল্লি-এনসিআর। মেঘালয়ের— শিলং। মিজোরামের— আইজল। নাগাল্যান্ডের— কোহিমা। ওড়িশার— ভুবনেশ্বর, রৌরকেল্লা, কটক, বহরমপুর-গঞ্জাম। পদুচেরির— পদুচেরি। তামিলনাড়ুর— চেন্নাই, কোয়েম্বাটোর, তিরুনেলভেলি, তিরুচিরাপল্লি, সালেম, মাদুরাই। তেলেঙ্গানার— হায়দরাবাদ, ওয়ারাঙ্গাল, করিমনগর, খাম্মায়াম। উত্তরপ্রদেশের— লক্ষ্ণৌ, কানপুর, বারানসি, আলিগড়, গোরক্ষপুর, প্রয়াগরাজ। উত্তরাখন্ডের— দেরাদুন, হালদওয়ানি, রুরকি। এরপর হবে ৫০ নম্বরের পার্সোনাল ইন্টারভিউ। সবশেষে হবে নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষা। নথিপত্র যাচাইয়ের সময় সঙ্গে নেবেন— বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট/ বার্থ সার্টিফিকেট, যাবতীয় শিক্ষাগত যোগ্যতার মার্কশিট ও সার্টিফিকেট, সংরক্ষিত প্রার্থীদের ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট, শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে প্রতিবন্ধকতার সার্টিফিকেট, প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেট, কর্তরতদের ক্ষেত্রে নো-অবজেকশন সার্টিফিকেট ইত্যাদি মূল ও সেগুলির স্বপ্রত্যয়িত জেরক্স।

আবেদন করবেন অনলাইনে https://punjabandsind.bank.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ২০ এপ্রিলের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ই-মেইল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। নিয়োগ প্রক্রিয়া শেষ না হওয়া অবধি এগুলি সক্রিয় রাখতে হবে। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালি দিয়ে করা সই (১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে), বাম হাতের বুড়ো আঙুলের ছাপ (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), সাদা কাগজে নিজের হাতে ইংরেজিতে লেখা ঘোষণাপত্র (৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। ঘোষণাপত্রের বয়ান পাবেন নীচে বলা ওয়েবসাইটে। সাধারণ, ওবিসি এবং ইডব্লিউএস প্রার্থীদের জন্য আবেদনের ফি বাবদ দিতে হবে ৮৫০ (তফশিলি ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০) টাকা। এক্ষেত্রে প্রযোজ্য ট্যাক্স সহ পেমেন্ট গেটওয়ে চার্জ প্রার্থীকেই বহন করতে হবে। অনলাইনে ফি দেবেন ডেবিট কার্ড/ ক্রেডিট কার্ড/ ইন্টারনেট ব্যাঙ্কিং/ ইউপিআই ইত্যাদির সাহায্যে। অনলাইন আবেদন সাবমিট করার আগে ভাল করে দেখে নেবেন। আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

Printed & Published by Kanika Chakraborty on behalf of Owner Kanika Chakraborty and Printed at New India Art Press, Deshbandhu Road, Bhatrapolly, Barasat, North 24 Parganas, West Bengal - 700 126 and Published at BD-72, Sector-I, Salt Lake City, Kolkata, West Bengal - 700 064, Editor: Prabir Mukhopadhyay

Editorial Office: BD-72, Sector-I, Salt Lake City, Kolkata, District- North 24 Parganas, West Bengal - 700 064, Ph: (033) 2334-3575, Mobile: +91 9434972260,
Email: editorkaajcareer@gmail.com/ kaajcareerportal@gmail.com, Web: www.kaajcareer.in,
Find us on ---- Facebook: www.facebook.com/kaajcareer, Twitter: www.twitter.com/Kaajcareer, Instagram: Kaajcareer. RNI No. WBBEN/2006/18125